নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

গর্ভোপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সাচ্চিদানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে

চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"

"পঞ্চদশী" এবং ষড়্‌দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব-সারস্বত যন্ত্রে

শ্রীনবকুমার বসু দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৯, চৈত্র।

ওঁ ॥ তৎ সৎ ॥ ওঁ ॥

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

গর্ভোপনিষৎ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওঁ ॥ পঞ্চাত্মকং পঞ্চসু বর্ত্তমানং ষড়াশ্রয়ং ষড়্ গুণযোগযুক্তম্। তং সপ্তধাতুং ত্রিমলং দ্বিযোনিং চতুর্ব্বিধাহারময়ং শরীরম্ ॥ ১ ॥

কৃষ্ণ যজুর্ব্বেদীয় গর্ভোপনিষদোদীপিকা।

ওঁ গর্ভসংখ্যা নিরূপ্যাত্র গর্ভোপনিষদিত্যপি।
পঞ্চখণ্ডাষ্টমামুণ্ডাৎ পৈপ্পলাদভিধা তথা ॥

গর্ভবাসান্মুচ্যত ইত্যুক্তম্ তত্র কো গর্ভঃ কথঞ্চ তদ্বাসঃ ইত্যপেক্ষায়াং সংসারবৈরাগ্যার্থঞ্চ জন্মমরণাদিদুঃখং নিরূপণীয়মিতি গর্ভোপনিষদারভ্যতে। তত্র গর্ভস্য মাতাপিতৃ-শরীরাপেক্ষত্বাৎ প্রথমং শরীরস্বরূপমাহ

গর্ভবাস হইতে মুক্ত হয়, এইবাক্যে উক্ত আছে। এইক্ষণ গর্ভ কি? এবং কিরূপেই বা তাহার বাস হয়, এই আকাঙ্ক্ষায় সংসারবৈরাগ্যের নিমিত্ত জন্মমরণাদিদুঃখ নিরূপণ আবশ্যক, এইহেতু গর্ভোপনিষদের আরম্ভ হয়। গর্ভ মাতৃ-পিতৃসাপেক্ষ; অতএব প্রথমে শরীরের স্বরূপ বলিতেছেন।—মানবের শরীর পঞ্চভূতময় এবং ইহাতে পঞ্চধারণাদি ও

কমিতি কস্মাৎ পৃথিব্যাপস্তেজো বায়ুরাকাশ-
মিত্যস্মিন্ পঞ্চাত্মকে শরীরে কা পৃথিবী কা আপঃ কিং

পঞ্চাত্মকমিতি পঞ্চাত্মকং পঞ্চভূতাত্মকং পঞ্চসু ধার...দিষু আনন্দাদিষু
বর্ত্তমানং প্রবর্ত্তমানং পঞ্চস্বিত্যত্র বীপ্সা দ্রষ্টব্যা প্রশ্নোত্তরে পঞ্চকানাং
ত্রিত্বাৎ ষড়াশ্রয়ং ষণ্ণাং মধুরাদিরসানাম্ আশ্রয়তীতি আশ্রয়ং ভোগায়তন
মিত্যর্থঃ। ষড়্গুণযোগযুক্তং গানাদিকলাকুশলত্বাৎ সপ্ত ধাতবঃ রসাদয়ো
যস্মিন্ তৎ সপ্তধাতু কত্বাভাবো বহুব্রীহৌ অগ্রে তু কপিসপ্তধাতুকমিতি
নির্দ্দেশঃ শেষাদ্বিভাষেতি। ত্রিমলং ত্রয়ো মলা নখলোমকেশা যত্র তৎ মূত্রা
দীনাস্তু অশিত পীত-মলত্বাৎ ন দেহমলত্বম্। অথবা কফাদীনাং শ্লেষ্মাদি-
রূপাণাং মলত্বম্। দ্বিযোনিং দ্বয়োঃ মাতাপিত্রোঃ যোনিঃ উৎপত্তির্যস্য।
চতুর্ব্বিধাহারময়ং লেহ্যপেয়খাদ্যচোষ্যলক্ষচতুর্ব্বিধাহারবিকার ইত্যর্থঃ॥১॥
গুরুণা প্রতিজ্ঞাতে শিষ্যো বিশেষজ্ঞানায় পৃচ্ছতি পঞ্চাত্মকং কস্মাদিতি
অত্র পঞ্চসু বর্ত্তমানং কথম্ ইতি প্রশ্নো দ্রষ্টব্যঃ উত্তরানুরোধাৎ। ইতি

আনন্দাদি বর্ত্তমান আছে। ঐ শরীর মধুরাদি ষড়্গুণের আশ্রয়, অর্থাৎ শরীরেই মধুর, তিক্ত, কটু, কষায়, অম্ল ও লবণ এই ষড়্গুণের ভোগ হইয়া থাকে, উহা গানাদি কলাকুশল; সুতরাং শরীরই ষড়্গুণ যোগযুক্ত। ঐ শরীরে রস, রক্ত, মাংস, মজ্জা, শুক্র, মেদ ও অস্থি এই সপ্তধাতু বিদ্যমান আছে, ঐ শরীর নখ, লোম ও কেশ এই ত্রিবিধ মলযুক্ত। মল ও মূত্র ইহারা ভক্ষিত ও পীত বস্তুর মল, উহারা শরীরের মল নহে। বরং বায়ু, পিত্ত ও কফ ইহাদিগকে শরীরমল বলা যাইতে পারে। আর এই শরীর, দ্বিযোনি, অর্থাৎ মাতা ও পিতা, এই দুই হইতেই শরীরের উৎপত্তি হয় এবং ঐ শরীর চর্ব্ব্য, চোষ্য, লেহ্য ও পেয় এই চতুর্ব্বিধ আহারের বিকারভূত।১।

গুরু পূর্ব্বোক্তপ্রকারে শরীরের পঞ্চভূতাত্মকত্ব উপদেশ করিলে। শিষ্য বিশেষ জ্ঞানার্থ পুনর্ব্বার প্রশ্ন করিলেন।—শরীরকে যে পঞ্চাত্মক, অর্থাৎ পঞ্চভূতময় বলিয়া কীর্ত্তন করিলেন, সেই পঞ্চভূত কি? এই আশঙ্কায় উত্তর

তেজঃ কো বায়ুঃ কিমাকাশম্। তত্র পঞ্চাত্মকে শরীরে যৎ কঠিনং সা পৃথিবী যদ্দ্রবং তা আপঃ যদুষ্ণং তত্তেজঃ যৎ সঞ্চরতি স বায়ুঃ যচ্ছুষিরং তদাকাশম্। তত্র পৃথিবী ধারণে আপঃ পিণ্ডীকরণে তেজঃ প্রকাশনে বায়ুর্ব্যূহনে আকাশমবকাশপ্রদানে। পৃথক্ শ্রোত্রে শব্দোপলব্ধৌ ত্বক্ স্পর্শে চক্ষুষী রূপে জিহ্বা রসনে নাসিকা ঘ্রাণে উপস্থ আনন্দনে অপানমুৎসর্গে বুদ্ধ্যা বুধ্যতি মনসা সঙ্কল্প-

---

শব্দান্তমুত্তরে। পৃথিবীপ্রভৃতীনাং কিং লিঙ্গম্ ইতি প্রচ্ছতি কা পৃথি বীতি। কাঠিন্যাদিষু পৃথিব্যাদিলিঙ্গমিত্যুত্তরয়তি তত্র যদিতি। শরীরে তেষামুপযোগং দর্শয়ন্ পঞ্চসু কথং বর্ত্তমানমিত্যস্যোত্তরমাহ তত্রেতি। ব্যূহনং মেলনম্। নন্থ মা ভূদবকাশপ্রদানম্ ইত্যত আহ পৃথগিতি। পৃথুঃ এষঃ শরীরং যদর্থঃ। অবকাশং বিনা পার্থিবং ন স্যাদিতি ভাবঃ। দ্বিতীয়পঞ্চকমাহ শ্রোত্রে ইতি। শ্রোত্রে দ্বে শব্দোপলব্ধৌ বর্ত্তেতে। তৃতীয়পঞ্চকমাহ উপস্থ ইতি। ষড়াশ্রয়ং কস্মাদিত্যত্র ষড়্গুণযোগযুক্তং কস্মাদিত্যপি দ্রষ্টব্যম্। আদ্যস্যোত্তরমাহ মধুরেতি। বিন্দতি লভতে

এই যে, পৃথিবী, জল, তেজ,বায়ু ও আকাশ ইহারাই পঞ্চভূত। এই শরীর পঞ্চভূতময়, এই নিমিত্ত শরীরকে পঞ্চাত্মক বলা যায়। এই পঞ্চভূতাত্মক শরীরে পৃথিবী কি ? জল কি ? তেজ কি ? বায়ু কি ও আকাশ কি ? এই প্রশ্নে বক্তব্য এই যে, এই পঞ্চাত্মকশরীরে যে কঠিন পদার্থ, তাহাই পৃথিবী, যাহা দ্রবপদার্থ, তাহা জল, যাহা উষ্ণ, তাহাই তেজ, যাহা সঞ্চরণ করে, তাহা বায়ু এবং যে সকল ছিদ্র আছে, তাহাই আকাশ। এই পঞ্চভূতের মধ্যে পৃথিবী ধারণ, জল পিণ্ডীকরণ, তেজ প্রকাশ, বায়ু মিলন এবং আকাশ অবকাশ প্রদান করে। এই শরীরে যে কর্ণদ্বয় আছে, তাহাদ্বারা শব্দগ্রহণ হয়, চর্ম্মে স্পর্শবোধ হইয়া থাকে, চক্ষুদ্বারা রূপজ্ঞান হয়, জিহ্বাতে রস পরি-জ্ঞান এবং নাসিকাতে গন্ধবোধ হইয়া থাকে। উপস্থদ্বারা আনন্দানুভব হয়, অপান বায়ু উৎসর্গ, অর্থাৎ বহির্নিঃসারণ করে, বুদ্ধিদ্বারা জ্ঞান জন্মে, মনেতে

য়ন্তি বাচা বদতি। ষড়াশ্রয়মিতি কস্মাৎ মধুরাম্ল-লবণ-তিক্ত-কটু-কষায়-রসান্ বিন্দতীতি ষড়্জ-ঋষভ-গান্ধার-মধ্যম-পঞ্চম-ধৈবত-নিষাদাশ্চেতীষ্টানিষ্ট-শব্দসংজ্ঞাঃ প্রণিধানাদ্দশবিধা ভবন্তি ॥ ২ ॥

জ্ঞানাতীত্যর্থঃ। দ্বিতীয়স্যোত্তরং ষড়্জেতি। এতে গায়নেষু প্রসিদ্ধাঃ এতৎ সপ্তস্বরগ্রহণং ষড়্রাগোপলক্ষণার্থং ষড়্গুণেত্যুক্তত্বাৎ। তে চ—শ্রী রাগোঽথ বসন্তশ্চ পঞ্চমো ভৈরবস্তথা। মেঘনাদশ্চ বিজ্ঞেয়ঃ ষষ্ঠো নদ-নরায়ণঃ। ইতি তেষাং প্রত্যেকং সপ্ত স্বরা ভবন্তি ষট্ চ ষট্ চ রাগিণ্যো দেশ্যঃ স্ত্রিয়ো ভবন্তীতি ষট্ত্রিংশৎ জ্ঞেয়াঃ তা যথা—গৌড়ী কোলাহসী ধালী দ্রবিড়ী মালব কৌশিকা। ষষ্ঠী স্যাদেব গান্ধারী শ্রীরাগাচ্চ বিনির্গতা॥ আন্দোলী কৌশিকী চৈব রামগরী পুটমঞ্জরী। গুজরী চৈব দেশাখ্যা বসন্তস্য প্রিয়াস্ত্বিমাঃ॥ ভৈরবী গুর্জ্জরী চৈব ভাষা বেলীবতী তথা।

ইচ্ছা হয় এবং বাগিন্দ্রিয়দ্বারা কথা কহিতে পারে। শরীর ষড়াশ্রয় কিরূপে হইল? এই প্রশ্নের উত্তরে কহিতেছেন,—মধুর, অম্ল, লবণ, তিক্ত, কটু ও কষায় এই ষড়গুণের আশ্রয় বলিয়াই শরীরকে ষড়াশ্রয় বলা যায়, অর্থাৎ শরীরে উক্ত ষড়গুণের লাভ হইয়া থাকে। আর শরীর ষড়্গুণযোগযুক্ত কিরূপে হইল? এই প্রশ্নে কহিতেছেন,—ষড়্জ, (খরজ) ঋষভ, (ঋখব) গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ (নিখাদ) এই সপ্তস্বরপ্রযুক্তই শরীর ষড়্গুণযোগযুক্ত হয়। উক্ত সপ্তস্বরই ষড়গুণনামে অভিহিত। প্রকৃতপক্ষে শ্রীরাগ, বসন্ত, পঞ্চম, ভৈরব, মেঘনাদ ও নদনরায়ণ (নটনারায়ণ) ইহারাই ছয় রাগ। ইহাদিগের প্রত্যেকের সপ্ত স্বর আছে, আর উক্ত রাগের মধ্যে সকলেরই পৃথক্ পৃথক্ ছয় রাগিণী আছে। সাকল্যে ষট্ত্রিংশৎ রাগিণীকে উক্ত ছয় রাগের স্ত্রী বলিয়া জানিবে। এইক্ষণ কোন কোন রাগ হইতে কোন রাগিণী বিনির্গত হইয়াছে? তাহার প্রকাশ করিতেছেন।—শ্রীরাগ হইতে গৌড়ী কোলাহসী, ধানী, দ্রাবিড়ী, কৌশিকা ও গান্ধারী এই ছয় রাগিণী বহির্গত হইয়াছে। আন্দোলী, কৌশিকী, রামগরী, পুটমঞ্জরী,

কর্ণাটী রক্তসিংহা চ পঞ্চমাত্তা বিনির্গতাঃ ॥ ত্রিগুণা স্তম্ভতীর্থা চ আভীরী ককুভা তথা। বিরাড়ী চৈব সাকেরী ভৈরবাচ্চ বিনির্গতা ॥ বঙ্গালা মধুরা চৈব কামদা চোকমাদিকা। কম্বুগ্রীবা চ দেবালা মেঘরাগাদ্বিনির্গতা। নাটিকাচাথ ভূপালীরামকেলীগড়া তথা। কামদা চাপি কল্যাণী জাতা নদনরায়ণাৎ। ইতি তেষাং মিথুনানাং যোগোঽস্মিন্ শরীরে ভবতীতি ষড়্গুণযোগযুক্তমিত্যর্থঃ ইতি শব্দ এতদর্থবিবক্ষার্থঃ। নন্ন পৃথিব্যাদীনাং বৃত্তয়ো ধারণাদয়স্ত্রয়ঃ পঞ্চকা উক্তাঃ তে কিং সর্ব্বে পুরুষপ্রবৃত্তিনিবৃত্ত্যোরুপযুজ্যন্তে আহোস্বিৎ কতিপয়ে ইতি সংশয়ে নির্ণয়মাহ ইষ্টানিষ্টানীতি। ধারণাদিষু ইষ্টানিষ্টানি প্রবৃত্তিহেতুভূতানি দশবিধা দশ বিধানি ভবন্তি। ভূতবৃত্তানাং ধারণাদীনাং পঞ্চানাং ইষ্টানিষ্টত্বাভাবেন প্রবৃত্তিনিবৃত্ত্যজনকত্বাৎ শব্দাদীন্যেব দশ ইষ্টানিষ্টানি ভবন্তীতি ভাবঃ। ইষ্টানিষ্টত্বে দ্বারমুক্তম্। শব্দেতি শব্দপ্রণিধানং শব্দপ্রয়োগজনকত্বং সংজ্ঞা প্রণিধানং প্রত্যয়জনকত্বং ব্যবহ্রিয়মাণাঃ প্রতীয়মানাস্ত দশৈব শব্দাদয় ইষ্টানিষ্টত্বেন প্রবৃত্তিনিবৃত্তিজনকা ইত্যর্থঃ। উভয়ত্র প্রশ্নস্যাপ্যুপলক্ষণম্। সমাধানস্ত তত্র ভবিষ্যতি ॥ ২ ॥

গুঙ্গরী ও দেশাখ্যা ইহারা বসন্তরাগের ভার্য্যা। ভৈরবী, গুর্জ্জরী, ভাষা, বেলাবতী, কর্ণাটী ও রসসিংহা এই সকল রাগিণী পঞ্চমরাগ হইতে বহির্গত জানিবে। ত্রিগুণা, স্তম্ভতীর্থা, আভীরী, ককুভা, বিরাড়ী ও সাকেরী এই ছয় রাগিণী ভৈরবরাগের অন্তর্গত। বঙ্গালা, মধুরা, কামদা, চোকমাদিকা, কম্বুগ্রীবা ও দেবালা এইছয় রাগিণী মেঘনাদ রাগের ভার্য্যা। নাটিকা, ভূপালী, রামকেলী, গড়া, কামদা ও কল্যাণী এইছয় রাগিণী নদনবায়ণ রাগ হইতে বিনির্গত হইয়াছে। ঐ শরীরে এই সকল রাগ ও রাগিণার যোগ আছে, এই নিমিত্তই শরীর ষড়্গুণ-যোগযুক্ত বলিয়া কথিত হইয়াছে। আর শরীরে পৃথিবীপ্রভৃতি পঞ্চভূতের ধারণাদি পঞ্চবৃত্তি উক্ত হইয়াছে, ইহারা সকলেই কি পুরুষের প্রবৃত্তি-নিবৃত্তির কারণ, কিম্বা কতিপয় বৃত্তিই পুরুষের প্রবৃত্তি-নিবৃত্তির কারণ? এই সংশয় নির্ণয়ে বক্তব্য এই যে, ধারণাদি বৃত্তির মধ্যে প্রবৃত্তির হেতুভূত ইষ্টানিষ্ট দশবিধ বৃত্তি আছে, যদি ধারণাদি পঞ্চ ভূতবৃত্তির ইষ্টানিষ্টস্বভাব না থাকিত, তাহা-

সপ্তধাতুকমিতি কস্মাৎ শুক্লো রক্তঃ কৃষ্ণো ধূম্রঃ পীতঃ কপিলঃ পাণ্ডুর ইতি। যথা দেবদত্তস্য দ্রব্যাদি-বিষয়া জায়ন্তে। পরস্পরং সৌম্যগুণত্বাৎ ষড়্বিধো রসঃ রসাচ্ছোণিতং শোণিতান্মাংসং মাংসান্মেদো মেদসঃ স্নায়বঃ স্নায়ুভ্যোঽস্থীনি অস্থিভ্যো মজ্জা মজ্জাতঃ শুক্রং

শুক্ল ইত্যাদ্যাব্যবহার্য্যদ্রব্যাণাং প্রকারভেদকথনং নত্বেত এব সপ্ত ধাতবঃ তেষামগ্রে বক্ষ্যমাণত্বাৎ শুক্লপাণ্ডুরয়োঃ কৃষ্ণধূম্রয়োঃ পীতকপিলয়োশ্চাবান্তরভেদো দ্রষ্টব্যঃ নীলঞ্চ কৃষ্ণেঽন্তর্ভাব্যম্ চিত্রঞ্চ সর্ব্ববর্ণেষু যথালাভম্। দেবদত্তস্য পুংসো দ্রব্যাণি সপ্তপ্রকারাণি বিষয়াঃ ভোগ্যানি জায়ন্তে সম্পদ্যন্তে। তেষাং পরস্পরম্ অন্যোঽন্যং সৌম্যগুণত্বাৎ অনুকূলগুণত্বাৎ যথা ওদনাদীনাং ব্যঞ্জনাদয়োঽনুকূলাঃ তেষাং পরিণামে ষড়্-বিধো রসঃ বর্ণতঃ শুক্লাদিরূপঃ স্বাদনো মধুরাদিরূপো ভবতি। চিত্র-রূপস্য চ ষট্স্বেবান্তর্ভাবাৎ। শোণিতাদীন্ সপ্ত ধাতূনাহ রসাদিতি রসঃ ধাতুমূলং ন স্বয়ং ধাতুঃ তাদর্থ্যাত্তু কৈশ্চিৎ ধাতুত্বেনোক্তঃ রসধাতুবাদি-নাস্তু ভেদঃ স্নায়োরৈক্যং দ্রষ্টব্যম্। মজ্জ ইতি মজ্জন্ শব্দস্য পঞ্চ-

---

হইলে ঐ বৃত্তিসকল প্রবৃত্তি-নিবৃত্তির জনক হইতে পারিত না; সুতরাং ঐ পঞ্চবৃত্তিই ইষ্ট ও অনিষ্ট ভেদে দশবিধ হয়॥ ২।

প্রথমে শরীর সপ্তধাতুক বলিয়া নির্দ্দেশ করিয়া এইক্ষণ শরীর কিরূপে সপ্তধাতু সমন্বিত হইল? তাহা বলিতেছেন।—শুক্ল, রক্ত, কৃষ্ণ, ধূম্র, পীত, কপিল ও পাণ্ডুর এই সপ্তবিধ দ্রব্যই পুরুষ উপভোগ করে, ইহাদিগের পরস্পর অনুকূল গুণহেতু মধুরাদিরসরূপে পরিণত হয়। যেমন ব্যঞ্জন অন্নাদির অনুকূল, সেইরূপ গুণসকলও পরস্পর অনুকূল জানিবে। ইহারা ভক্ষিত হইলেই শরীর মধ্যে রস উৎপন্ন হয়। এই রসই সপ্তধাতুর মূল, বাস্তবিক রসধাতু নহে। উক্ত রস হইতে শোণিত উৎপন্ন হয়, শোণিত হইতে মাংস জন্মে, মাংস হইতে মেদের উৎপত্তি হয়, মেদ হইতে স্নায়ু, স্নায়ু হইতে অস্থি, অস্থি হইতে মজ্জা এবং মজ্জা হইতে শুক্র জন্মে। এইরূপে শুক্রশোণি-

শুক্রশোণিতসংযোগাদাবর্ত্ততে গর্ভো হৃদি ব্যবস্থাং নয়তি হৃদয়েঽন্তরাগ্নিঃ অগ্নিস্থানে পিত্তং পিত্তস্থানে বায়ুঃ বায়ুতো হৃদয়ং প্রাজাপত্যাৎ ক্রমাৎ ॥ ৩ ॥

ম্যেকবচনে অনো লোপঃ। স্তোশ্চু ভিশ্চু আবর্ত্ততে ইতি। শুক্র শোণিত-সংযোগমারভ্য বর্ত্ততে অস্তিত্বং ভজতে ইত্যর্থঃ। ধাতূনাং স্থানমাহ হৃদি ব্যবস্থানীতি। ইত্যেতান্যুক্তানি ধাতুরূপাণি হৃদি ব্যবস্থা যেষাং তানি হৃদি ব্যবস্থানি সপ্তম্যা অলুক্ অতএব ধাতুষু ন্যাসো হৃদয় উক্ত. ধাতৃষু প্রাণেষু হৃৎস্থলে ইতি। পুনর্হৃদয়ে কানি ইত্যত আহ হৃদয়ে ইতি। হৃদয়ে অন্তরাগ্নির্ব্বর্ত্ততে অন্তরশ্চাসাবগ্নিশ্চ অগ্নিঃ ওজঃ তদুক্তং প্রপঞ্চসারে। শুক্রং পরিণতং হি স্যাদোজো নামাষ্টমী দশা ইতি. অগ্নিস্থানে পিত্তমিতি। অগ্নিঃ ওজঃ স এব স্থানম্ আধারঃ তত্র পিত্তম্ অগ্নৌ তেজোরূপে প্রবর্ত্তকং পিত্তমিত্যর্থঃ। পিত্তস্থো বায়ুঃ বাতঃ বায়ুং বিনা প্রবৃত্ত্যনুপপত্তেঃ। হৃদয়ান্তরোজঃপিত্তবাতা বর্ত্তন্তে ইত্যর্থঃ। এতৎ কফস্যাপ্যুপলক্ষণং দোষাণাং বাতপিত্তকফানাং সমানদেশত্বস্যৌচিত্যাৎ। ততঃ কিম্ ইত্যাহ বায়ুত ইতি। বায়ুতো হৃদয়ং লিঙ্গং।

তের সংযোগে গর্ভের আবির্ভাব হয়। এই সকল ধাতুই হৃদয়ে ব্যবস্থিত আছে; অতএব "হৃদয়ে ধাতুন্যাস" এই কথা উক্ত হইয়াছে। হৃদয়ে আর কি আছে? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন,—হৃদয়ে অন্তরাগ্নি বিদ্যমান আছে। এই অগ্নিই আধারস্বরূপ, এই আধারে পিত্ত রহিয়াছে, অর্থাৎ অগ্নিতে পিত্তই তেজোরূপে প্রবর্ত্তক হয়। এই পিত্তেতে বায়ু অবস্থান করে, যেহেতু বায়ু ব্যতিরেকে প্রবৃত্তি হইতে পারে না। এইক্ষণ এই প্রতীতি হইতেছে যে, হৃদয়ের মধ্যে পিত্ত ও বায়ু উভয়ই বিদ্যমান আছে। ইহাদ্বারা হৃদয়ে কফেরও বিদ্যমানতা জানিতে হইবে, যেহেতু বায়ু, পিত্ত ও কফ এই দোষত্রয়ের সমান স্থান উক্ত আছে। প্রাজাপত্যক্রম হইতেই এইরূপ প্রবর্ত্তন হয়। প্রাজাপত্যক্রম এই,—প্রজাপতি আপনাকে দ্বিধা পাতিত করেন, তাহাতেই পতি ও পত্নী হয়। যেমন

ঋতুকালে সম্প্রয়োগাদেক রাত্রোষিতং কললং ভবতি সপ্তরাত্রোষিতং বুদ্‌বুদং অর্দ্ধমাসাভ্যন্তরে পিণ্ডং মাসা-

---

প্রাজাপত্যাৎ ক্রমাৎ প্রবর্ত্ততে প্রাজাপত্যঃ ক্রমো যথা স আত্মানং দ্বেধা অপাতয়ৎ পতিশ্চ পত্নী চ ভবতীতি প্রজাপতির্যথা একঃ সন্ দ্বিধাভূতঃ তথা পিতুর্হৃদয়োপলক্ষিতং লিঙ্গমপি দ্বিধা ভবতি বায়্বাঘাতেন দীপাদিব প্রদীপ কুসুমাদিব গন্ধ ইতি। ন সমূলোৎক্রম আশঙ্কনীয়ঃ তেন শরীরং বাতপিত্তকফাত্মকমুচ্যতে যথা প্রাজাপত্যঃ ক্রমঃ ধূমাদিমার্গঃ অগ্নে সংবৎসরো বৈ প্রজাপতিঃ ইত্যাদিনা প্রজাপতিব্রতোক্তো দ্রষ্টব্যঃ। স চ আরোহাবরোহক্রমঃ তদ্য ইত্থং বিদুঃ ইত্যাদিনা ছান্দোগ্যে উক্তঃ। গীতায়াঞ্চ "ধূমো রাত্রিস্তথা কৃষ্ণঃ যন্মাসা দক্ষিণায়নম্। তত্র চান্দ্রমসং জ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে।" ইতি প্রাজাপত্যাৎ ক্রমাৎ পঞ্চম্যাহুতৌ ঋতুকালে প্রয়োগাদিত্যন্বয়ঃ। এতেন ত্রিমলং কস্মাৎ ইতি প্রশ্ন উত্তরিতঃ কফাদীনাং শ্লেষ্মাদিমলরূপত্বাৎ॥ ৩॥

ঋতুকালে যোষিদ্ধাতুপোষকং পুংবীজং ভবতি তেন পুংসঃ সম্প্রযোগে স্ত্রিয়াস্তেজোবিশেষো দৃশ্যতে। কললম্ ঈষদ্‌ঘনং বুদ্‌বুদং বর্ত্তুলম্। যাস্কেন তু অন্যথোক্তম্ তদ্‌যথা-একরাত্রোষিতং কলিলং ভবতি পঞ্চরাত্রাদ্-

---

প্রজাপতি এক হইয়াও দ্বিধা বিভক্ত হয়েন, সেইরূপ পিতার হৃদয়োপলক্ষিত লিঙ্গও দ্বিধাভূত হয়। বায়ুর আঘাতে যেমন দীপ হইতে দীপান্তর এবং কুসুম হইতে গন্ধ হইয়া থাকে, তাহাতে সেই প্রদীপ ও কুসুমের মূলোচ্ছেদ হয় না, সেইরূপ প্রজাপতি দ্বিধাভূত হয়েন বটে, তাহাতে তিনি স্বয়ং ভাবান্তর প্রাপ্ত হয়েন না। অথবা ছান্দোগ্যোপনিষদুক্ত ধূমাদিক্রমানুসারে উৎপত্তি হইয়া থাকে। এই নিমিত্তই শরীরকে বাত, পিত্ত ও কফাত্মক মলত্রয়সমন্বিত বলা যায়। ইহাতে কিরূপে শরীর মলত্রয়ময় হইল? এই প্রশ্নের উত্তর হইল। যেহেতু কফাদিরাই শ্লেষ্মাদি মল স্বরূপ॥ ৩॥

ঋতুকালে স্ত্রীপুরুষপ্রয়োগ, অর্থাৎ ঋতুকালে পুংবীজ স্ত্রীবীজের পোক হয়, এই নিমিত্তই পুরুষ সহযোগে স্ত্রীর তেজের আধিক্য দেখা যায়।

ভ্যন্তরে কঠিনং মাসদ্বয়েন শিরঃ মাসত্রয়েণ পাদপ্রদেশঃ চতুর্থে গুল্‌ফজঠরকটিপ্রদেশাঃ পঞ্চমে পৃষ্ঠবংশঃ ষষ্ঠে মুখনাসিকাক্ষিশ্রোত্রাণি সপ্তমে জীবেন সংযুক্তঃ অষ্টমে সর্ব্বলক্ষণসম্পূর্ণঃ। পিতূরেতোঽতিরেকাৎ পুরুষঃ মাতূরে-

---

বুদ্‌বুদঃ সপ্তরাত্রাৎ পেশী দ্বিসপ্তরাত্রাদর্ব্বুদঃ পঞ্চবিংশতিরাত্রাৎ স্বস্থিতো যুক্তো ভবতি মাসমাত্রাৎ কঠিনো ভবতি দ্বিমাসাভ্যন্তরে শিরঃ সম্পদ্যতে মাসত্রয়েণ গ্রীবাব্যাদেশঃ মাসচতুষ্টয়েন ত্বগ্‌ব্যাদেশঃ পঞ্চমে মাসি নখরোমব্যাদেশঃ ষষ্ঠে মুখনাসিকাক্ষি শ্রোত্রঞ্চ ভবতি সপ্তমে চলনসমর্থো ভবতি অষ্টমে বুদ্ধ্যাধ্যবস্যতি নবমে সর্ব্বাঙ্গসম্পূর্ণো ভবতি। জীবেন জীবলিঙ্গেন চলনাদিনা। পিতুরিতি অনেন দ্বিযোনি কস্মাৎ? ইতি পরিহৃতম্। ব্যাকুলিতমনসঃ অন্ধাদিবিক্ষিপ্তচিত্তানিষেকঃ? অন্যোঽন্য

স্ত্রী বীজ পুংবীজের সহিত মিশ্রিত হইয়া একরাত্রি গত হইলে সেই বীজ কিঞ্চিৎ ঘনীভূত হয়। অনন্তর সপ্ত রাত্রি বিগত হইলে উহা বর্ত্তুলাকার হইয়া উঠে। পরে অর্দ্ধমাসে ঐ বর্ত্তুল পিণ্ড কার হয় এবং একমাসে ঐ পিণ্ড কঠিন হয়। তৎপর মাসদ্বয় অতীত হইলে উহা হইতে শির জন্মে ও মাসত্রয়ে পাদদেশ উৎপন্ন হয়। চতুর্থ মাস গত হইলে গুল্‌ফ, উদর ও কটিদেশ জন্মে এবং পঞ্চমমাসে পৃষ্ঠ, ষষ্ঠমাসে মুখ, নাসিকা, চক্ষু, কর্ণ উৎপন্ন হইয়া সপ্তমমাসে এই দেহেতে জীবের সঞ্চার হয়। অনন্তর অষ্টমমাসে ঐ দেহ সম্পূর্ণ হইয়া থাকে। অন্যমতে অন্য প্রকার কথিত আছে, যথা;—(পিতা মাতার বীর্য্য একরাত্রিতে ঘনীভূত হইয়া পঞ্চরাত্রে উহা বর্ত্তুলাকার হয় এবং সপ্তরাত্রে পেশী, চতুর্দ্দশরাত্রে অর্ব্বুদ জন্মে। অনন্তর পঞ্চবিংশতিরাত্রে উহা অস্থিযুক্ত হয়, একমাসে ঐ শরীর কঠিন হইয়া থাকে, দুইমাসে শির জন্মে, তিনমাসে গ্রীবাদেশ উৎপন্ন হয়, চারিমাসে চর্ম্ম জন্মে, পঞ্চমমাসে নখ ও লোম উৎপন্ন হয়। ষষ্ঠমাসে মুখ, নাসিকা, চক্ষু ও কর্ণ জন্মিয়া থাকে। সপ্তমমাসে বুদ্ধির সঞ্চার হইয়া থাকে, নবমমাসে সর্ব্বাঙ্গ সম্পূর্ণ হয়, দশমমাসে জীবের সঞ্চার হইয়া থাকে। তখনই গমনাদি জীবচিহ্ন সমুদায় প্রকাশ পায়।

তোঽতিরেকাৎ স্ত্রী উভয়োর্ব্বীজতুল্যত্বান্নপুংসকং ব্যাকুলিতমনসোঽন্ধাঃ খঞ্জাঃ কুব্জা বামনা ভবন্তি। অন্যোঽন্যবায়ুপরিপীড়িতশুক্রদ্বৈধ্যাদ্দ্বিধা তনুঃস্যাদ্যুগ্মাঃ প্রজায়ন্তে। পঞ্চাত্মকঃ সমর্থঃ পঞ্চাত্মিকা চেতসা বুদ্ধির্গন্ধরসাদিজ্ঞানাক্ষরাক্ষরমোঙ্কারং চিন্তয়তীতি তদেকাক্ষরং জ্ঞাত্বাষ্টৌ প্রকৃতয়ঃ ষোড়শ বিকারাঃ শরীরে তস্যৈব দেহিনঃ ॥ ৪ ॥

স্ত্রীপুংসস্য বায়ুনা পরিপীড়িতং যৎ শুক্রং তস্য দ্বৈবিধ্যাৎ তনুঃ শুক্রস্বরূপং দ্বিধা স্যাৎ ততো যুগ্মাঃ প্রজায়ন্তে। পঞ্চাত্মকঃ পঞ্চভূতাত্মকঃ পিণ্ডঃ সমর্থঃ চিন্তনাদৌ পঞ্চাত্মিকা শব্দাদিবিষযা চেতসা অন্তঃকরণেন গন্ধরসাদিজ্ঞানা বুদ্ধির্ভবতি সা ক্ষরম্ অনিত্যম্ অক্ষরং নিত্যং মোক্ষঞ্চ চিন্তয়তি তদেকাক্ষরং ব্রহ্ম প্রণবং চিন্তয়তি জ্ঞাত্বা প্রকৃতয়োঽষ্টৌ বিকারাঃ ষোড়শ জায়ন্তে ইতি শেষঃ। তদুক্তম্ “মূলপ্রকৃতিরবিকৃতির্মহদাদ্যাঃ

স্ত্রী পুরুষ সহযোগে পুরুষের বীর্য্য অধিক হইলে পুরুষ, স্ত্রীবীর্য্যের আধিক্যে স্ত্রী এবং উভয় বীর্য্যের তুল্যতায় নপুংসক সন্তান জন্মে। এইরূপে স্ত্রী পুরুষের বীর্য্য ব্যবস্থায় সেই সেই গর্ভে পুরুষ, স্ত্রী ও নপুংসকের জন্ম হয়। পিতা মাতার শুক্র শোণিতের বৈকল্য বশতই সন্তান উন্মাদ, অন্ধ, খঞ্জ, কুব্জ ও বামন হইয়া থাকে। নিষেকানন্তর কদাচিৎ স্ত্রী পুরুষের বীর্য্য বায়ু কর্ত্তৃক পরিপীড়িত হইয়া দ্বিধা বিভক্ত হয়, তাহাতেই গর্ভে যুগ্ম সন্তান জন্মিয়া থাকে। পূর্ব্বোক্ত পঞ্চভূতাত্মক পিণ্ডই দেহাকারে পরিণত হইয়া সর্ব্বকার্য্য সমর্থ হয়। এই দেহপিণ্ডে বুদ্ধির সঞ্চার হইয়া থাকে, শব্দ, রূপ, রস, গন্ধ ও স্পর্শ এই পঞ্চই বুদ্ধির বিষয়, অন্তঃকরণ দ্বারা উক্ত শব্দাদি পঞ্চের পরিজ্ঞান হইয়া থাকে। এই অনিত্যা বুদ্ধিই নিত্য মোক্ষচিন্তা করে ও একাক্ষর প্রণবরূপীব্রহ্মকে চিন্তা করিয়া থাকে, ইহাতেই অষ্টপ্রকৃতি এবং ষোড়শ বিকার হয়। শাস্ত্রান্তরে উক্ত আছে

অথ মাত্রাশিত-পীতনাড়ীসূত্রগতেন প্রাণ আপ্যায়তে। অথ নবমে মাসি সর্ব্বলক্ষণজ্ঞানসম্পূর্ণা ভবতি পূর্ব্বজাতিং স্মরতি শুভাশুভঞ্চ কর্ম্ম বিন্দতি ॥ ৫ ॥

প্রকৃতিবিকৃতয়ঃ সপ্ত। ষোড়শকস্তু বিকারো ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষঃ ॥" ইতি ॥ ৪ ॥

তত্র মুখ্যব্যাপারাভাবেন শিশুঃ কথং বর্দ্ধতে? ইত্যত আহ অথেতি মাত্রা জনন্যা অশিতপীত ইত্যবিভক্তিকো নির্দ্দেশঃ অশিতপীতেন ইত্যর্থঃ বালকস্তু রতিসময়ে পুরুষাসনবন্মাতুঃ সম্মুখো বর্দ্ধতে পিতৃপ্রতিশরীরত্বাৎ তথাচ যা অস্য নাভিসম্বদ্ধা নাড়ী মাতুর্হৃদয়েন সম্বধ্যতে সৈব সূত্রং তদ্-গতেন অন্নরসেন তস্য প্রাণ আপ্যাযতে অতএব জাতমাত্রস্য শিরসি কর্ণ-দ্বয়মধ্যদেশে মাতৃহৃদয়াস্থিচিহ্নলেখা দৃশ্যতে সা মাতুঃ সম্মুখত্বং ব্যনক্তি। সর্ব্বেতি সর্ব্বৈর্লক্ষণজ্ঞানৈঃ মনুষ্যত্বাদিজাতিব্যঞ্জকৈঃ অবয়বৈঃ অথ চ সর্ব্বেষাং লক্ষণেন জ্ঞানকরণানামিন্দ্রিয়াণাং জ্ঞানেন দর্শনশ্রবণাদিনা সমাকীর্ণঃ ভবতি সম্পদ্যতে পূর্ব্বজাতীঃ প্রাক্তনজন্মানি বিন্দতি লভতে জানীতে ইত্যর্থঃ ॥ ৫ ॥

যে, মূল প্রকৃতির বিকৃতি নাই। মহত্তত্ত্ব অহঙ্কারাদি সপ্ত প্রকৃতিবিকৃতি ময়। ষোড়শ বিকার প্রকৃতি নহে এবং পুরুষ সর্ব্বদাই অবিকৃত ॥ ৪ ॥

মাতা যাহা কিছু পান ও ভোজন করেন, তাহাতেই তাঁহার গর্ভস্থ সন্তানের প্রাণধারণ হয় এবং তাহাতেই তাহার শরীরের পুষ্টি হইয়া থাকে। বালকের নাভিসংলগ্ন নাড়ী মাতার হৃদয়ে সম্বদ্ধ আছে, সেই নাড়ীদ্বারা মাতার ভক্ষিত অন্নরস গমন করিয়া বালকের শরীরে প্রবেশ করে। বালক যাবৎ গর্ভমধ্যে বাস করে, তাবৎ মাতার সম্মুখভাবে থাকে, এই নিমিত্তই বালকের জন্মমাত্র তাহার মস্তকে ও কর্ণদ্বয়ের মধ্যদেশে মাতার হৃদয়াস্থির চিহ্ন দেখা যায়।) অনন্তর নবমমাসে সেই গর্ভস্থ বালক মনুষ্যজাতি ব্যঞ্জক সর্ব্বপ্রকার অবয়ব এবং জ্ঞান, ইন্দ্রিয়, বুদ্ধি প্রভৃতি সর্ব্ববিধ মনুষ্যলক্ষণ সম্পন্ন হয় এবং দর্শন শ্রবণাদি শক্তি জন্মে। এইরূপ

পূর্ব্বযোনিসহস্রাণি দৃষ্ট্বা চৈব ততো ময়া। আহারা বিবিধা ভুক্তাঃ পীতা নানাবিধাঃ স্তনাঃ। জাতশ্চৈব মৃতশ্চৈব জন্ম চৈব পুনঃ পুনঃ। যন্ময়া পরিজনস্যার্থে কৃতং কর্ম্ম শুভাশুভম্। একাকী তেন দহ্যেঽহং গতাস্তে ফলভোগিনঃ। অহো দুঃখোদধৌ মগ্নো ন পশ্যামি প্রতিক্রিয়াম্। যদি যোন্যাঃ প্রমুচ্যেঽহং তৎ প্রপদ্যে মহেশ্বরম্। অশুভক্ষয়কর্ত্তারং ফলমুক্তিপ্রদায়কম্। যদি যোন্যাঃ প্রমুচ্যেঽহং তৎ প্রপদ্যে নারায়ণম্। অশুভ-

---

তস্যাভিলাষমাহ আহারা ইতি। বিবিধাঃ শ্বশূকরাদিভোগ্যা অপি এতেন শরীরং কস্মাৎ? ইতি প্রশ্নস্য শীর্য্যতীতি ব্যুৎপত্ত্যা উত্তরং দত্তম্। পীতাশ্চেতি নানাযোনিষু জাতত্বাৎ। জন্ম জন্মেতি জন্মনঃ প্রাদুর্ভাবঃ একজন্মানন্তরং দ্বিতীয়ং জন্ম। পরিজনস্য পুত্রকলত্রাদেঃ। একাকীতি

অবস্থা হইলেই সেই বালক জন্মলাভ করে এবং এই সময় পূর্ব্ব পূর্ব্ব-জন্মার্জ্জিত শুভাশুভ কর্ম্ম স্মরণ করিতে থাকে ॥ ৫ ॥

গর্ভস্থ বালক জন্মের পূর্ব্বে এইরূপ স্মরণ করিতে থাকে যে, আমি ইতিপূর্ব্বে সহস্র সহস্রবার জন্মগ্রহণ করিয়াছি, নানাবিধ ভোজ্য দ্রব্য ভোজন করিয়াছি এবং নানাপ্রকার স্তন পান করিয়াছি। এমন কি শূকর কুক্কুরাদি যোনিতে জন্মগ্রহণ করিয়া শূকর কুক্কুরাদির ভক্ষ্য বস্তুও ভোজন করিয়াছি। আমি পুনঃ পুনঃ জন্মিয়াছি এবং পুনঃ পুনঃ মরিয়াছি। আমি পরিজন পালনের নিমিত্ত যে সকল শুভাশুভ কর্ম্ম করিয়াছি, এইক্ষণ একাকী সেই সকল কর্ম্মফলে দগ্ধ হইতেছি। পুত্রকলত্রাদি পরিজনবর্গ ফল ভোগ করিয়া গমন করিয়াছে, আমি এইক্ষণ দুঃখ সাগরে মগ্ন হইয়া কোন প্রতিকারের উপায় দেখিতেছি না। যদি একবার এই যোনি হইতে মুক্ত হইতে পারি, তাহাহইলে অশুভক্ষয়কারী মুক্তি ফলপ্রদ মহেশ্বরের সেবা করিব। আর যদি এই গর্ভ হইতে মুক্ত হইতে পারি,

ক্ষয়কর্ত্তারং ফলমুক্তিপ্রদায়কম্। যদি যোন্যাঃ প্রমুচ্যে-ঽহং তৎ সাংখ্যং যোগমভ্যসে। অশুভক্ষয়কর্ত্তারং ফল-মুক্তিপ্রদায়কম্। যদি যোন্যাঃ প্রমুঞ্চামি ধ্যায়ে ব্রহ্ম-সনাতনম্ ॥ ৬ ॥

অথ যোনিদ্বারং সম্প্রাপ্তো যন্ত্রেণাপীড্যমানো মহতা দুঃখেন জাতমাত্রস্তু বৈষ্ণবেন বায়ুনা সংস্পৃষ্টস্তদা ন স্মরতি জন্মমরণানি ন চ কর্ম্ম শুভাশুভং বিন্দতি ॥ ৭ ॥

কর্ত্তুরেব পাপসম্বন্ধো নার্জ্জিতদ্রব্যভোক্তুরিত্যত্রার্থঃ। ইদং লিঙ্গম্। অভ্যসেৎ অভ্যসেয়ম্ দুঃখেন জন্মমরণানি ন স্মরতীত্যগ্রতনেন সম্বন্ধঃ ॥৬॥

অস্মরণে হেত্বন্তরমাহ জাতমাত্রেতি বায়ুনা মায়ারূপেণ তদুক্তম্—"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়া-মেতাং তরন্তি তে।" ইতি বিন্দতি জানাতি ॥ ৭ ॥

তাহাহইলে অশুভক্ষয়কারী মুক্তি ফলপ্রদ নারায়ণের শরণাপন্ন হইব, যদি এই যোনি হইতে মুক্ত হইতে পারি, তাহাহইলে সর্ব্বকর্ম্ম পরিত্যাগ করিয়া সাংখ্যযোগঅ ভ্যাস করিব। যদি একবার মাত্র এই গর্ভ হইতে পরিত্রাণ পাইতে পারি, তাহাহইলে মোক্ষফলপ্রদ, সনাতন ব্রহ্মধ্যান করিব। এইরূপ পুনঃ পুনঃ চিন্তা করিতে থাকে। ৬।

অনন্তর সেই গর্ভস্থ বালক যোনিদ্বারে সমাগত হইয়া যন্ত্রণায় পরি-পীড়িত হয় এবং মহাদুঃখে জন্মগ্রহণ করে। জন্মমাত্রই সেই বালককে বৈষ্ণবী মায়া আক্রমণ করে, তখন আর তাহার জন্ম, মরণ ও শুভাশুভ কর্ম্ম কিছুই স্মরণ থাকে না। বিষ্ণুমায়ায় সকলই বিস্মৃত হয়। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, ভগবান্ বলিয়াছেন, আমার এই মায়া দেবীকে কেহ অতিক্রম করিতে পারে না। যাহারা আমাকে জানিতে পরিয়াছে, তাহারাই সেই মায়াব আক্রমণ হইতে পরিত্রাণ পাইতে পারে। ৭।

শরীরমিতি কস্মাৎ অগ্নয়ো হ্যত্র শ্রিয়ন্তে জ্ঞানাগ্নি-র্দর্শনাগ্নিঃ কোষ্ঠাগ্নিরিতি তত্র কোষ্ঠাগ্নির্নামাশিতপীত-লেহ্য-চোষ্যং পচতি। দর্শনাগ্নী রূপাণাং দর্শনং করোতি। জ্ঞানাগ্নিঃ শুভাশুভঞ্চ কর্ম্ম বিন্দতি। ত্রীণি স্থানানি ভবন্তি মুখে আহবনীয় উদরে গার্হপত্যো হৃদি দক্ষিণাগ্নিঃ

শ্রিয়ন্তে ইতি শ্রয়ন্তে ইতি বক্তব্যে ইয়ট। জ্ঞানাগ্নিঃ শরীরাগ্নিঃ ভোক্তা শুভাশুভস্য দর্শনাগ্নিঃ প্রমাতা কোষ্ঠাগ্নিঃ। "অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ। প্রাণাপানসমাযুক্তঃ পচাম্যন্নং চতুর্ব্বিধম্।" ইত্যুক্তঃ অন্ত্যাদিক্রমেণ ত্রয়াণাং লক্ষণমাহ তত্রেতি অশিতেতি। অনেন চতুর্ব্বিধাহারময়ং কথমিতি প্রশ্নস্যোত্তরমুক্তম্ ভবতি স চ গার্হ-পত্যো ভূত্বা নাভ্যাং তিষ্ঠতি। দর্শনাগ্নিরিতি স চতুরস্র আহবনীয়ো ভূত্বা মুখে তিষ্ঠতি। জ্ঞানাগ্নিরিতি স চার্দ্ধচন্দ্রাকৃতির্দ্দক্ষিণাগ্নির্ভূত্বা হৃদয়ে তিষ্ঠতি। বিন্দতি লভতে ভোক্তেত্যর্থঃ। অত্রাগ্নিত্রয়ে সতি শরীরে যজ্ঞদৃষ্ট্যোপাসনমাহ ত্রীণীতি। আহবনীয়ঃ দর্শনাগ্নিঃ গার্হপত্যঃ কোষ্ঠাগ্নিঃ দক্ষিণাগ্নিঃ জ্ঞানাগ্নিঃ অগ্নিত্রয়ং স্থানত্রয়ে স্মৃত্বা আহবনীয়াদিবুদ্ধিঃ কার্য্যা।

তৎপরে জ্ঞানাগ্নি, দর্শনাগ্নি ও কোষ্ঠাগ্নি এই ত্রিবিধ অগ্নি পূর্ব্বোক্ত শরীরকে আশ্রয় করে, তাহাদিগের মধ্যে কোষ্ঠাগ্নি চর্ব্ব্য, চোষ্য, লেহ্য ও পেয় এই চতুর্ব্বিধ আহারীয় দ্রব্য পরিপাক করে। শাস্ত্রান্তরে উক্ত আছে, আমি বৈশ্বানররূপ ধারণপূর্ব্বক প্রাণিগণের দেহ আশ্রয় করিয়া প্রণা-পান বায়ু সহযোগে চতুর্ব্বিধ অন্ন পাক করি। দর্শনাগ্নি রূপাদিগ্রহণ করে, এবং জ্ঞানাগ্নি শুভাশুভ কর্ম্ম জানিয়া থাকে। এই ত্রিবিধ অগ্নির ত্রিবিধ-স্থান আছে। দর্শনাগ্নি আহবনীয় নামে মুখে, কোষ্ঠাগ্নি গার্হপত্যাগ্নি-রূপে উদরে এবং জ্ঞানাগ্নি দক্ষিণাগ্নিরূপে হৃদয়ে বর্ত্তমান আছে। মুখ, উদর ও হৃদয় এই স্থানত্রয়ই উক্ত ত্রিবিধ অগ্নির স্থান জানিবে। আত্মাই অধিপতি, অতএব তিনি যজমান, মন ব্রহ্মা, লোভাদিরা পশু, যেহেতু

আত্মা যজমানো মনো ব্রহ্মা লোভাদয়ঃ পশবো ধৃতি-র্দ্দীক্ষা সন্তোষশ্চ বুদ্ধীন্দ্রিয়াণি যজ্ঞপাত্রাণি কর্ম্মেন্দ্রিয়াণি হবীংষি শিরঃ কপালং কেশা দর্ভাঃ মুখমন্তর্ব্বেদিঃ ॥ ৮ ॥

চতুষ্কপালং শিরঃ ষোড়শ পার্শ্বদন্তপটলানি সপ্তোত্তরং

আত্মা যজমানঃ অধিপতিত্বাৎ মনো ব্রহ্মা সোম্যত্বাৎ লোভাদয়ঃ পশবঃ বধ্যত্বাৎ কর্ম্মেন্দ্রিয়াণি হবীংষি জ্ঞানাগ্নৌ হোমার্হত্বাৎ শিরঃ কপালং তৎ-সাম্যাৎ কেশা দর্ভাঃ বিক্ষিপ্তত্বাৎ মুখমন্তর্ব্বেদিঃ মুখ্যস্থলত্বাৎ ॥ ৮ ॥

ইদানীং শরীরে অবয়ববিভাগমাহ চতুরিতি। তদুক্তং যাজ্ঞবল্ক্যেন "দ্বৌ শঙ্খকৌ কপালানি চত্বারি শিরসস্তথা" ইতি। অষ্টাকপালং শির ইতি তু যাস্কঃ ষোড়শেতি। ষোড়শপার্শ্বানি ষোড়শদন্তাঃ ষোড়শাষ্টদন্ত-স্থলানি ষোড়শপটলানি পার্শ্বস্থলানি এবং দ্বিতীয়ভাগে চতুঃষষ্টিদন্তাঃ স্থলৈঃ সহ তদুক্তম্। "স্থলৈঃ সহ চতুঃষষ্টির্দ্দন্তা বৈ বিংশতির্নখাঃ" ইতি। পার্শ্ব কাঃ স্তলকৈঃ সার্দ্ধং সর্ব্বাদেশ্চ দ্বিসপ্ততিঃ ইতি সপ্তেতি। তদুক্তম্ সপ্তো-ত্তরং মর্ম্মশতমিতি। সাশীতিকমিতি। তদুক্তং দ্বে চ সন্ধিশতে তথেতি। অবান্তরভেদ ন্যূনাধিক্যস্মৃতাবুক্তম্। সনবকমিত্যাদি। নবসংখ্যাঃ পবি-

---

তাহাদিগকে বধ করিতে হয়, ধৃতি এবং সন্তোষ ইহারা দীক্ষা, চক্ষুঃ কর্ণ প্রভৃতি জ্ঞানেন্দ্রিয় যজ্ঞপাত্র, হস্তপাদাদি কর্ম্মেন্দ্রিয় হবিঃ, যেহেতু জ্ঞানা-গ্নিতে ইহাদিগকেই আহুতিরূপে প্রদান করিতে হয়। শির কপাল, কেশ দর্ভ, মুখ অন্তর্ব্বেদি। আত্মা এই সকল উপকরণদ্বারা হোম করিয়া থাকেন ॥ ৮ ॥

এইক্ষণ শরীরের অবয়ব বিভাগ দেখাইতেছেন।—মস্তকে চারি কপাল আছে। যাজ্ঞবল্ক্য বলেন, শিরে দুই শঙ্খ এবং চারি কপাল এবং যাস্কমতে শিরের অষ্টকপাল জানিবে। আর এই শরীরে ষোড়শ পার্শ্ব, ষোড়শ দন্তস্থল এবং ষোড়শপটল আছে এবং একশত সপ্ত মর্ম্মস্থল, একশত ও অশীতি সন্ধি, নয়শত স্নায়ু, সপ্তশত শিরা, পঞ্চশত মজ্জা, অর্থাৎ পেশী, তিনশতষষ্টি অস্থি, সাড়ে চারিকোটি স্থূললোম। যাজ্ঞবল্ক্য বলেন, শরীর

মর্ম্মশতং সাশীতিকং সন্ধিশতং সনবকং স্নায়ুশতং সপ্ত শিরাশতানি পঞ্চ মজ্জাশতানি অস্থীনি চ হ বৈ ত্রীণি

মাণমস্থেতি নবকং নবকত্বেন সহ বর্ত্ততে সনবকং সধীরং সানুকূলমিতি-বদ্ভাবপ্রধানো নির্দ্দেশঃ নবস্নায়ুশতানি ইত্যর্থঃ। তদুক্তম্ শিরঃ শতানি সপ্তৈব নবস্নায়ুশতানি চ ইতি। পঞ্চ মজ্জাশতানীতি মজ্জা পেশী তদুক্তম্ পঞ্চ পেশীশতানি চ ইতি। অস্থীনি চেতি তদুক্তম্ তথাস্থাঞ্চ সহ ষষ্ট্যা শতত্রয়ম্ ইতি। অর্দ্ধচতস্র ইতি চতস্রঃ কোট্যঃ একা চার্দ্ধকোটীত্যর্থঃ। ইদন্তু স্থূলকেশাভিপ্রায়েণ সূক্ষ্মাভিপ্রায়েণ তু যাজ্ঞবল্ক্যোক্তম্ বোদ্ধব্যম্। যথা "রোম্নাং কোট্যস্তু পঞ্চাশচ্চতস্রশ্চ তথাপরাঃ। সপ্তষষ্টিস্তথা লক্ষ্যাঃ সার্দ্ধাঃ স্বেদায়নৈঃ সহ। বায়বীর্য্যৈর্বিগণ্যন্তে বিভক্তাঃ পরমাণুভিঃ।" ইতি। হৃদয়শব্দেন রসঃ জিহ্বাশব্দেন চ জলমুচ্যতে তদুক্তম্ "রসস্য নব বিজ্ঞেয়া জলস্যাঞ্জলয়ো দশ।" ইতি পিত্তপ্রস্থমিতি। পিত্তস্য প্রস্থং সপাদ-মানীদ্বয়ং মানী তু তুরুষ্কাণাং সেরঃ। তদুক্তম্ পঞ্চ পিত্তমিতি। অঞ্জলয় ইতি বর্ত্ততে। কফস্যাঢ়কমিতি। চতুঃপ্রস্থং তথাঢ়কম্ ইতি। শুক্র-কুড়বম্ ইতি। শুক্রস্য দ্বে প্রস্থতী ইত্যর্থঃ। যাজ্ঞবল্ক্যেন তু "শ্লেষ্মৌ-জসোস্তাবদেব রেতসস্তাবদেব তু" ইতি কফশুক্রয়োঃ সমপরিমাণত্ব-

---

মধ্যে পঞ্চাশৎ কোটি সূক্ষ্মলোম এবং চারিকোটি সাড়েসাতষট্টিলক্ষ স্থূল লোম আছে। আর শরীরে আটপল রস, দ্বাদশপল জল, একপ্রস্থ পিত্ত, অর্থাৎ সপাদ মানীদ্বয় পিত্ত আছে। তুরুস্কদেশীয়েরা মানীশব্দে সের বলিয়া থাকে। এক আঢ়ক, অর্থাৎ চারিপ্রস্থ কফ, শুক্র এক কুড়র, অর্থাৎ দুই প্রস্থতি, যাজ্ঞবল্ক্য কফ ও শুক্রের সমপরিমাণ বলেন এবং এই শরীরে দুইপ্রস্থ মেদ আছে। মূত্র ও পুরীষের কোন পরিমাণ নাই আহারের পরি মাণানুসারে মূত্র পুরীষের পরিমাণ হইয়া থাকে। যজ্ঞবল্ক্য বলেন, শরীরে সপ্তপ্রস্থ বিষ্ঠা এবং চারিপ্রস্থ মূত্র আছে। বাস্তবিক আহারের আধিক্যে মলমূত্রের আধিক্য এবং আহারের ন্যূনতায় মলমূত্রের ন্যূনতা হয়। পিপ্প-লাদ ঋষি এইরূপ মোক্ষশাস্ত্রের উপদেশ করিয়াছেন। এইক্ষণ প্রসঙ্গত

শতানি ষষ্টিঃ সার্দ্ধচতস্রো রোমাণি কোট্যো হৃদয়ং পলান্যষ্টৌ দ্বাদশপলা জিহ্বা পিত্তপ্রস্থং কফস্যাঢ়কং শুক্রকুড়বং মেদঃপ্রস্থৌ দ্বাবনিয়তং মূত্রপুরীষমাহারপরি-

মুক্তম্। মেদঃপ্রস্থৌ দ্বাবিতি যাজ্ঞবল্ক্যেন তু দ্বৌ মেদ ইত্যুক্তম্। অঞ্জলি-গ্রহণং বর্ত্ততে। অনিয়তমিতি যাজ্ঞবল্ক্যেন তু নিয়ম উক্তঃ "সপ্তৈব তু পুরীষঞ্চ চত্বারো মূত্রমেব চ" ইতি। অঞ্জলয় ইতি বর্ত্ততে তত্তু প্রায়োঽভিপ্রায়েণ নিষ্কর্ষে ক্রিয়মাণে তু নাস্তি নিয়মঃ অনিয়মে হেতুঃ আহারপরিমাণাদিতি তস্মিন্নধিকে অধিকং ন্যূনে ন্যূনমিত্যর্থঃ। পিপ্পলাদেন প্রাপ্তং পৈপ্পলাদং দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা॥ অত্র প্রসঙ্গান্মাগধপরিভাষোচ্যতে পলাদিজ্ঞানার্থম্। তদ্যথা—ন মানেন বিনা যুক্তির্দ্রব্যাণাং জায়তে ক্বচিৎ। অতঃ প্রয়োগকার্য্যার্থং মানমত্রোচ্যতে ময়া। ত্রসরেণুর্ব্বুধৈঃ প্রোক্তস্ত্রিংশতা পরমাণুভিঃ। ত্রসরেণুস্তু পর্য্যায় নাম্না বংশী নিগদ্যতে। জালান্তরগতৈঃ সূর্য্যকরৈর্বংশী বিলোক্যতে। ষড়্বংশীভির্মরীচিঃ স্যাত্তাভিঃ ষড়্ভিশ্চ রাজিকা। তিসৃভী রাজিকাভিশ্চ সর্ষপঃ প্রোচ্যতে বুধৈঃ। যবোঽষ্টসর্ষপৈঃ প্রোক্তো গুঞ্জা স্যাত্তচ্চতুষ্টয়ম্। ষড়্ভিস্তু রক্তিকাভিঃ স্যান্মাষকো হেমধানকৌ। মাষৈশ্চতুর্ভিঃ শাণঃ স্যাদ্ধরণঃ স নিগদ্যতে। টঙ্কঃ স এব কথিতস্তদ্দ্বয়ং কোল উচ্যতে। ক্ষুদ্রো মোরটকশ্চৈব দ্রঙ্ক্ষাণঃ স নিগদ্যতে। কোলদ্বয়ঞ্চ কর্ষঃ স্যাৎ স প্রোক্তঃ পাণিমানিকা। অক্ষঃ

পলাদিজ্ঞানের নিমিত্ত মগধদেশীয় পরিভাষা কথিত হইতেছে।—পরিমাণ ব্যতিরেকে দ্রব্য ব্যবহার হইতে পারে না, অতএব দ্রব্যপ্রয়োগকার্য্যার্থ পরিমাণের প্রয়োজন হয়, আমি সেই পরিমাণ বলিতেছি।—ত্রিংশৎ পরমাণুতে এক ত্রসরেণু হয় এবং ত্রসরেণুকে বংশীনামে ব্যবহার করা যায়, গবাক্ষ জালদ্বারা ত্রসরেণু দৃষ্ট হইয়া থাকে। ছয়বংশীতে এক মরীচি, ছয় মরীচিতে এক রাজিকা, তিন রাজিকাতে এক সর্ষপ, অষ্ট সর্ষপে এক যব, চারিযবে এক গুঞ্জা, ছয়গুঞ্জাতে একমাষা, চারিমাষায় একশাণ, (ইহাকে ধরণ ও টঙ্ক বলিয়া থাকে) দুইশাণে এক কোল, (ইহাকে ক্ষুদ্র, মোরটক

মাণাৎ। পৈপ্পলাদং মোক্ষশাস্ত্রং পৈপ্পলাদং মোক্ষশাস্ত্র-মিতি ॥ ৯ ॥

ইতি কৃষ্ণযজুর্ব্বেদগতা গর্ভোপনিষৎ সমাপ্তা ॥

পিচুঃ পাণিতলং কিঞ্চিৎপাণিশ্চ তিন্দুকম্। বিড়ালপদকঞ্চৈব তথা ষোড়-শিকা মতা। করমধ্যং হংসপদং সুবর্ণং কবলগ্রহঃ। উদুম্বরঞ্চ পর্য্যায়ৈঃ কর্ষ এব নিগদ্যতে। স্যাৎ কর্ষাভ্যামর্দ্ধপলং শুক্তিরষ্টমিকা তথা। শুক্তি-ভ্যাঞ্চ পলং জ্ঞেয়ং মুষ্টিরাম্রং চতুর্থিকা। প্রকুঞ্চঃ ষোড়শী বিল্বং পলমেবাত্র কীর্ত্তিতম্। পলাভ্যাং প্রসৃতির্জ্ঞেয়া প্রসৃতশ্চ নিগদ্যতে। প্রসৃতিভ্যা-মঞ্জলিঃ স্যাৎ কুড়বোঽর্দ্ধশরাবকঃ। অষ্টমানঞ্চ বিজ্ঞেয়ং কুড়বাভ্যাঞ্চ মানিকা। শরাবোঽষ্টপলং তদ্বজ্জ্ঞেয়মত্র বিচক্ষণৈঃ। শরাবাভ্যাং ভবেৎ প্রস্থশ্চতুঃপ্রস্থৈস্তথাঢ়কম্। ভাজনং কংসপাত্রঞ্চ মানমেতচ্চ শৌনক ইতি ॥ ৯ ॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
গর্ভোপনিষদো চেয়ং দীপিকা ভাববোধিকা ॥

ইতি গর্ভোপনিষদ্দীপিকা সমাপ্তা ॥

ও দ্রক্ষণ বলে) দুইকোলে এককর্ষ, (এই কর্ষকে পাণি, মাণিকা, অক্ষ; পিচু, পাণিতল, পাণি, তিন্দুক, বিড়ালপদক, ষোড়শিকা, করমধ্য, হংস-পদ, সুবর্ণ, কবলগ্রহ ও উডুম্বর এই সকল নামে উল্লেখ করা যায়।) দুই-কর্ষে অর্দ্ধপল, শুক্তি অথবা অষ্টমিকা। দুই শুক্তিতে একপল, দুই পলেতে এক প্রসৃতি হয়। ইহাকে প্রসৃত বলা যায়, দুই প্রসৃতিতে এক অঞ্জলি, অর্দ্ধশরাবে এক কুড়ব, দুই কুড়বে এক মাণিকা, অষ্টপলে এক শরাব, দুই শরাবে একপ্রস্থ, চারিপ্রস্থে এক আঢ়ক হয়। ইহাকে ভাজন ও কংস-পাত্র কহিয়া থাকে ॥ ৯ ॥

ইতি কৃষ্ণযজুর্ব্বেদীয় গর্ভোপনিষৎ সমাপ্ত ॥

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

ব্রহ্মোপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে
শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৯, চৈত্র।

ভ্রমসংশোধনম্ ।

ব্রহ্মোপনিষদঃ সমাপ্তৌ "ইত্যথর্ব্ববেদে" ইতি ভ্রমাদাপতিতং "কৃষ্ণ যজুর্ব্বেদে" ইত্যেব সাধীয়ান্ ।

॥ ওঁ ॥ তৎ সৎ ॥ ওঁ ॥

কৃষ্ণ-যজুর্বেদীয়-

ব্রহ্মোপনিষৎ।

॥ ওঁ ॥ নমো ভগবতে বাসুদেবায় ॥

ওঁ ॥ শৌনকো হ বৈ মহাশালোঽঙ্গিরসং ভগবন্তং পিপ্পলাদং পপ্রচ্ছ ॥ ১ ॥

ব্রহ্মোপনিষদোদ্দীপিকা।

ব্রহ্মোপনিষদারব্ধা ব্রহ্মজ্ঞান-প্রদায়িনী।
চতুঃখণ্ডা তু দশমী শমিনাং হৃদয়ঙ্গমা ॥

ইদানীং চতুরবস্থস্য চতুঃস্থানস্য যস্যাত্মনো নির্গুণধ্যানসিদ্ধয়ে স্বস্বরূপং সর্ব্বং বক্তব্যমিতি ব্রহ্মোপনিষদারভ্যতে, ওঁ শৌনক ইতি। ওম্ অথাস্য পুরুষস্য চত্বারি স্থানানি ভবন্তি। নাভি হৃদয়ং কণ্ঠং মূর্দ্ধেতি। তত্র চতুষ্পাদং ব্রহ্ম বিভাতীতি গ্রন্থো দ্বিতীয়খণ্ডাদৌ পঠিতঃ প্রথমখণ্ডাদাবপি কেচিৎ পঠন্তি স পাঠো নাতিপ্রয়োজনঃ অর্থসম্বন্ধাভাবাৎ। মহাশালঃ মহত্যঃ শালা গৃহা যস্য স তথা অঙ্গিরসং গোত্রতঃ অপত্যাপত্যম্ অবান্তরভেদোপচারাৎ, পিপ্পলাদং নামতঃ পপ্রচ্ছ পৃষ্টবান্ ॥ ১ ॥

ইদানীং চতুরবস্থাপন্ন পরমাত্মার নির্গুণ ধ্যান সিদ্ধির নিমিত্ত স্বস্বরূপ বক্তব্য, এইজন্য ব্রহ্মোপনিষতের আরম্ভ হয়। একদা গৃহস্থপ্রবর শৌনক অঙ্গিরসগোত্রসম্ভূত ভগবান্ পিপ্পলাদঋষির নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ১ ॥

দিব্যে ব্রহ্মপুরে রম্যে সম্প্রতিষ্ঠিতাভবন্তি কথং স্থজন্তি কস্যৈষ মহিমা বভূব যো হ্যেষ মহিমা বভূব ক এষঃ ॥ ২ ॥

তস্মৈ স হোবাচ ব্রহ্ম-বিদ্যাং বরিষ্ঠাং প্রাণো হ্যেষ আত্মা আত্মনো মহিমা বভূব ॥ ৩ ॥

প্রশ্নানাহ দিব্য ইতি। দিব্যে বাগাদিদেবনিবাসার্হে ব্রহ্মোপলব্ধি-স্থানে ব্রহ্মপুরে শরীরে সম্প্রতিষ্ঠিতা ভবন্তি বাগাদয়ঃ কথম্ ইতি শেষঃ। কিমাধারা বাগাদয়ঃ শরীরে প্রতিষ্ঠিতাঃ ইতি প্রথম প্রশ্নঃ। স্থজন্তী-ত্যত্রাপি কথমিতি সম্বধ্যতে। কিং বলেন স্বস্ববিষয়েষু ব্যাপ্রিয়ন্তে ইত্যর্থঃ এষ দ্বিতীয়ঃ প্রশ্নঃ। কস্যৈষ মহিমা বুদ্ধ্যাদি বিস্তারো জাত ইতি তৃতীয়ঃ। যো হি এক এষ প্রত্যক্ষো মহিমা বভূব, ক এষ কিস্তত্বকঃ মহিম-তত্ব প্রশ্নদ্বারা মহত এব তত্ত্বং পৃষ্টং বেদিতব্যমিতি চতুর্থঃ ॥ ২ ॥

উত্তরমাহ তস্মৈ ইতি। সঃ পিপ্পলাদঃ হ প্রসিদ্ধো উবাচ পরিতো বিচার্য্য বভাষে ব্রহ্ম বিদ্যাং সর্ব্বৈরপি প্রশ্নৈর্ব্রহ্মণ এব পৃষ্টত্বাৎ ব্রহ্ম-

---

ভগবন্! বাগাদিদেবতার নিবাসযোগ্য ব্রহ্মোপলব্ধির প্রধান স্থান-স্বরূপ এই শরীরাখ্য ব্রহ্মপুরে কিরূপে বাগাদি দেবতারা প্রতিষ্ঠিত আছেন? অর্থাৎ তাঁহারা শরীর মধ্যে কাহাকে আশ্রয় করিয়া রহিয়া-ছেন? ইহাই আমার প্রথম প্রশ্ন। আর দ্বিতীয়ত জিজ্ঞাস্য এই যে, বাগাদিরা কোন বলে স্ব স্ব বিষয়ে ব্যাপৃত হয়? মহাত্মন্! আমার তৃতীয় প্রশ্ন এই যে, বুদ্ধ্যাদি বিস্তার কাহার মহিমা? ভগবন্! চতুর্থতঃ জিজ্ঞাসা করিতেছি যে, আমরা যাঁহার মহিমা প্রত্যক্ষ করিতেছি, ইনি কে? অর্থাৎ ইঁহার স্বরূপ কি? আমার এই প্রশ্ন সমূহের যথাবদুত্তর প্রদানে চরিতার্থ করুন্ ॥ ২ ॥

ঋষিপ্রবর পিপ্পলাদ শৌনকের বাক্য শ্রবণ করিয়া সম্যক্ বিচারপূর্ব্বক ব্রহ্মবিদ্যা কহিয়াছিলেন। শৌনক যে সকল প্রশ্ন করিয়াছেন, তৎসমু-দায়ই ব্রহ্মনির্ণয় সূচনা করিতেছে; সুতরাং জানা যাইতেছে যে, ব্রহ্ম-

দেবানামায়ুঃ স দেবানাং নিধনমনিধনম্ ॥ ৪ ॥

দিব্যে ব্রহ্মপুরে বিরজং নিষ্কলং শুভ্রমক্ষরং যদ্ব্রহ্ম বিভাতি স নিয়চ্ছতি ॥ ৫ ॥

বিদ্যেয়ম্ বরিষ্ঠাম্ অতিশয়বতীং প্রাণোহেষ ইতি। কিং ভৌতিকঃ নেত্যাহ আত্মেতি। যস্মিন্ দেবাঃ প্রতিষ্ঠিতাঃ যদ্বলেন চ সৃজন্তি যশ্চৈষ মহিমা যচ্চ মহিম্নস্তবং স এষ আত্মেত্যর্থঃ সামান্যেনেদং চতুর্ণামপ্যুত্তরম্, আত্মনঃ প্রাণত্বং প্রাণাশ্রয়ত্বাৎ অতএব তথা প্রাণ ইতি ভগবৎ সূত্রম্। বিশেষেণ তৃতীয়স্যোত্তরমাহ আত্মন ইতি ॥ ৩ ॥

প্রথমস্য বিশেষত উত্তরমাহ দেবানামিতি দেবানাং বাগাদীনাম্ আয়ুঃ জীবিতম্ আত্মা কো হ্যেবান্যৎ কঃ প্রাণ্যদ্যদ্যেষ আত্মা আনন্দো ন স্যাৎ ইতি শ্রুতেঃ। আত্মসত্তয়ৈব তেষাং সত্তালাভাৎ তদেব বিবৃণ্বন্নাহ স ইতি। নিধনং মরণম্ অনিধনং জীবনম্ ॥ ৪ ॥

স ক্বাস্তীত্যাশঙ্ক্যাহ দিব্যে ব্রহ্মপুরে ইতি। চতুর্থমুত্তরয়তি, বিরজ-

---

পরিজ্ঞানই শৌনকের অভিপ্রেত। এই নিমিত্তই পিপ্পলাদ সর্ব্ববিদ্যার প্রধানভূত ব্রহ্মবিদ্যা বলিতেছেন। বাগাদিদেবতারা আত্মাকে আশ্রয় করিয়া শরীরমধ্যে প্রতিষ্ঠিত আছেন, আত্মাই তাঁহাদের একমাত্র আধার। উক্ত দেবতারা আত্মার বলেই স্বস্ব কার্য্যে ব্যাপৃত আছেন। এই সমস্তই আত্মার মহিমা। যিনি এইজগতে এইরূপ মাহাত্ম্য বিস্তার করিতেছেন, তিনিই আত্মা। পিপ্পলাদ এইরূপে সামান্যত শৌনকের প্রশ্ন চতুষ্টয়ের উত্তর প্রদান করিলেন ॥ ৩ ॥

এইক্ষণ প্রথম প্রশ্নের বিশেষ বলিতেছেন।—আত্মাই বাগাদিদেবতার জীবনভূত "আত্মা কোহ্যেবান্যৎ" ইত্যাদি শ্রুতিপ্রমাণেও আত্মার সর্ব্ব-কর্তৃত্ব প্রতীয়মান হইতেছে। আত্মার সত্তাতেই বাক্যাদির সত্তা প্রতীয়মান হয় এবং আত্মার অবিদ্যমানতাতেই বাক্যাদির নিধন প্রতীয়মান হয়। অতএব জানা যাইতেছে যে, আত্মাই বাক্যপ্রভৃতির নিধন ও জীবনের কারণ ॥ ৪ ॥

দিব্য ব্রহ্মপুরে যে পরমাত্মা প্রকাশ পাইতেছেন, ইনি বিরজ, অর্থাৎ

মধুকর-রাজানং মাক্ষীকবৎ। যথা মাক্ষীকৈকেন তন্তুনা জালং বিক্ষিপতি তেনাপকর্ষতি তথৈবৈষ প্রাণো যদা যাতি সংসৃষ্টমাকৃষ্য ॥ ৬ ॥

মিত্যাদি। যৎ ব্রহ্ম পরমাত্মা বিভাতি প্রকাশতে তৎ বিরজং নিরবদ্য তত্বং নিষ্কলং কলাবিদ্যাকার্য্যং প্রাণাদি তদ্রহিতম্। নিষেধমুখেনোক্ত্বা বিধিমুখেনাপ্যাহ শুভ্রমিতি শুভ্রম্ উজ্জ্বলং প্রকাশাত্মকম্ অক্ষরম্ আশ্রয়তে ব্যাপ্নোতি অশ্নোতের্ব্বাসরোঽক্ষরমিতি স্মৃতেঃ। কথং সৃজন্তীত্যস্য দ্বিতীয় শ্লোত্তরং স ইতি। নিয়চ্ছতি নিয়মনং করোতি। নিয়মনং বৃহদারণ্যকে অন্তর্য্যামিব্রাহ্মণে, যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরং যঃ পৃথিবীং যময়তি যং পৃথিবী ন বেদ এষ ত আত্মা অন্তর্যাম্যমৃত ইত্যাদি চতুর্ব্বিংশতিভিঃ পর্য্যায়ৈর্ব্যাখ্যাতম্ ॥ ৫ ॥

তত্র প্রত্যেকং পৃথিব্যাদীনাং নিয়ন্তৃত্বমুক্তং অত্র তু একধা ইত্যাহ, মধুকর রাজানমিতি। মধুকরাঃ ইন্দ্রিয়াণি তেষাং রাজানং তদভিমানিনং জীবং নিয়চ্ছতি তেন সর্ব্বাণি নিয়তানি ইত্যুক্তং ভবতি। সমাসান্তবিধেরনিত্যত্বাদচ্ ন কৃতঃ। একস্য সর্ব্বনিয়ন্তৃত্বে দৃষ্টান্তমাহ মাক্ষীকবদিতি। মক্ষিকাভির্জ্জীবতি মাক্ষীকঃ ঊর্ণনাভো লূতাখ্য-কীটবিশেষঃ

সর্ব্বপ্রকার দোষশূন্য এবং নিষ্কল, অর্থাৎ প্রাণাদিকলারহিত। ঐ আত্মা প্রকাশাত্মক, ইনি সর্ব্বত্র পরিব্যাপ্ত আছেন। উক্তরূপে শরীরাখ্য দিব্য ব্রহ্মপুরে যে পরব্রহ্ম প্রকাশ পাইতেছেন, ইনিই সকলকে নিয়মিত করেন, বৃহদারণ্যকে লিখিত আছে যে, "যিনি পৃথিবীতে বিদ্যমান আছেন, অথচ পৃথিবী হইতে অতিরিক্ত, যিনি পৃথিবীকে নিয়মিত করিয়া রাখিয়াছেন এবং পৃথিবী যাঁহাকে জানেন না, সেই আত্মা সকলের অন্তর্যামী ও অমরণ ধর্ম্মী" অর্থাৎ তাঁহার মরণ নাই" ॥ ৫ ॥

বৃহদারণ্যকে আত্মাকে পৃথক্‌রূপে পৃথিব্যাদির নিয়ন্তা বলিয়াছেন। এক্ষণ একদা আত্মার পৃথিব্যাদির নিয়ন্তৃত্ব নিরূপণ করিতেছেন।—যেমন মক্ষিকা শরীর হইতে লালারূপ তন্তু বাহির করিয়া তৎদ্বারা স্বীয় কুলায় নির্ম্মাণ করে এবং পরক্ষণেই সেই তন্তু সকল আকর্ষণ করিয়া শরীর মধ্যে

প্রাণদেবতাস্তাঃ সর্ব্বা নাড্যঃ সুস্বপে শ্যেনাকাশবৎ যথা খং শ্যেনমাশ্রিত্য যাতি স্বমালয়মেবং সুষুপ্তঃ ॥ ৭ ॥

তদ্বৎ। তদ্বিবৃণোতি যথেতি। যথা মাক্ষীকা ছান্দসমীকারস্তু দীর্ঘত্বং, টাপ্ চ লূতা একেন তন্তুনা লালারূপেণ দ্বারেণ জালং স্বকুলায়ং বিক্ষিপতি স্বশরীরাৎ বহিঃ করোতি তেনৈব একেন তন্তুনা অপকর্ষতি তৎস্থানা· দন্তর্নয়তি। বক্ষ্যতি উর্ণনাভির্যথা তন্তূন্ সৃজতে সংহরত্যপি। জাগ্রৎ স্বপ্নে তথা জীবো গচ্ছত্যাগচ্ছতে পুনঃ ইতি। লূতাস্থানীয় আত্মা তন্তুস্থানীয়ঃ প্রাণঃ জালস্থানীয়ং বাগাদি। যথায়ং দৃষ্টান্তঃ তথৈবৈষ প্রাণো যদা যাতি গচ্ছতি তদা সংসৃষ্টমাকৃষ্য গচ্ছতি বাগাদি সজ্মাতং গৃহীত্বৈব যাতি। যথোক্তম্ যথা সুহয়ঃ ষড়্বিংশ শঙ্কূন্ সংখিদেৎ এবমিত- রান্ প্রাণান্ সমখিদদিতি ॥ ৬ ॥

নমু বাগাদ্যাকর্ষণে প্রাণস্য তৈঃ কঃ সম্বন্ধঃ ইতি প্রশ্নে নাড়ীদ্বারক ইত্যুত্তরিতে নাড়ীভিঃ প্রাণস্য কঃ সম্বন্ধঃ ইতি শঙ্কা স্যাৎ তামপনেতুমাহ, প্রাণেতি। প্রাণো দেবতা যাসাং তাঃ প্রাণদেবতাঃ তাঃ পূর্ব্বোক্তাঃ সর্ব্বাঃ নাড্যঃ সুষুম্নাদয়ঃ। যাতীত্যুক্তম্ তৎ কদা ইত্যপেক্ষায়ামাহ, সুস্বপে ইতি। সুতরাং স্বপনং সুস্বপঃ সুষুপ্তিঃ তত্র সুষুপ্তিকালে যাতী-

---

প্রবেশনপূর্ব্বক তথা হইতে স্থানান্তরে প্রস্থান করে,সেইরূপ প্রাণ বাক্যাদি উৎপাদন করিয়া তাহাদিগের সহিত অবস্থান করে এবং গমন কালে সেই বাক্যাদি গ্রহণ করিয়া প্রস্থান করে। শাস্ত্রান্তরে লিখিত আছে যে, যেমন উর্ণ নাভ (মাকড়সা) তন্তু সৃজন ও সংহরণ করে, সেইরূপ জীব জাগ্রদ- বস্থায় বাক্যাদি সৃষ্টি এবং স্বপ্নাবস্থায় সেই বাক্যাদির হরণ করিয়া থাকে। ৬ ॥

পূর্ব্ব শ্রুতিতে উক্ত হইল যে, প্রাণ বাক্যাদিকে আকর্ষণ করে, কিন্তু প্রাণের সহিত বাক্যাদির সম্বন্ধ কি ? এইরূপ প্রশ্নে যদি বলা যায় যে, নাড়ীদ্বারাই প্রাণ বাক্যাদিকে আকর্ষণ করে, তাহাতেও শঙ্কা হইতেছে যে, নাড়ীর সহিতই বা প্রাণের কি সম্বন্ধ আছে? এই আশঙ্কা নিরাসার্থ বলিতে-

ব্রূতে যথৈবৈষ দেবদত্তো যষ্ট্যাদিনা তাড্যমানো ন যতি এবমিষ্টাপূর্ত্তৈঃ শুভাশুভৈর্ন লিপ্যতে ॥ ৮ ॥

তাৎপর্য্যঃ। এতৎ মরণ-মূর্চ্ছাদেরপ্যুপলক্ষণম্। ক যাতীতি প্রশ্নে স্বালয়ং যাতীত্যুত্তরম্ তত্র দৃষ্টান্তঃ শ্যেনাকাশবদিতি। বিবরণং যথেতি। শ্যেনো যথা খম্ আকাশমাশ্রিত্য স্বালয়ং যাতি তথা সুষুপ্তঃ স্বালয়ং ব্রহ্ম যাতি ॥৭॥

কথং জ্ঞায়তে স্বালয়ং ব্রহ্ম যাতি ন যত্র কুত্রচিৎ ইতি পৃষ্টে উত্তরমাহ ব্রূতে ইতি। উত্থিতঃ সন্ সুখমহমস্বাপ্সমিতি লোকান্ বদতি তেন আনন্দং স্বালয়ং গতঃ আনন্দাচ্চাগত ইতি জ্ঞায়তে আনন্দশ্চ ব্রহ্ম। নমু শুভাশুভেষু কর্ম্মসু সৎসু কথমানন্দানুভবঃ সুষুপ্তেঽপি স্যাৎ ইত্যাশঙ্ক্য শুভাশুভভাবং প্রতিপাদয়িতুং দৃষ্টান্তমাহ যথৈবৈষ ইতি। যথৈব এষ দেবদত্তঃ যষ্ট্যাদিনা কাষ্ঠেনাপি তাড্যমানো ন যতি ন যাতি ছান্দসো হ্রস্বঃ ন গচ্ছতি ন পলায়তে সুষুপ্তে তৎ কস্য হেতোঃ ইতরানুভবাভাসাদিত্যেব

ছেন,—প্রাণই নাড়ী সকলের দেবতা। যেমন শ্যেনপক্ষী আকাশ আশ্রয় করিয়া স্বীয় আলয়ে গমন করে, সেইরূপ প্রাণ সুষুম্নাদি নাড়ীদ্বারা সুষুপ্তি মরণ ও মূর্চ্ছাকালে স্বীয় আলয় ভূত ব্রহ্মকে আশ্রয় করে ॥ ৭ ॥

সুষুপ্তি প্রভৃতি কালে জীব স্বাশ্রয়ীভূত ব্রহ্মকে আশ্রয় করে, অন্য কোন স্থানে গমন করে না, ইহা কিরূপে জানা যায়? এই প্রশ্নে বলিতেছেন। সুষুপ্তি হইতে উত্থিত ব্যক্তি লোকদিগকে বলিয়া থাকে যে, আমি সুখে নিদ্রিত ছিলাম, ইহাতেই জানা যায় যে, জীব সুষুপ্তিকালে সুখময় ব্রহ্মকে আশ্রয় করিয়াছিল, আনন্দময় ব্রহ্মের আশ্রয় ব্যতিরেকে কোন রূপে সুখের সম্ভব নাই। যদি বল, শুভাশুভ কর্ম্মের বিদ্যমানতাবস্থায় সুষুপ্তিকালে কিরূপে আনন্দানুভব হইতে পারে? এই আশঙ্কায় শুভাশুভভাবপ্রতিপাদনার্থ দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক বলিতেছেন।—যেমন কোন সুষুপ্ত ব্যক্তিকে যষ্টিদ্বারা প্রহার করিলেও সে গমন বা পলায়ন করিতে পারে না, ইহার কারণ এই যে, সেই সময়ে তাহার ইতর বিষয়ে অনু-

যথা কুমারো নিষ্কাম আনন্দমুপযাতি তথৈবৈষ দেবদত্তঃ স্বপ্নে আনন্দমভিযাতি ॥ ৯ ॥

তদপি কুতঃ কারণাধর্ম্মাভাবাদেব। এবমনেন নিদর্শনেন ইষ্টাপূর্ত্তৈঃ ইষ্টাপূর্ত্তয়োঃ কর্ত্তা তৎফলৈর্ন লিপ্যতে ॥ ৮ ॥

নমু যথা সুষুপ্তে দুঃখহেতুরধর্ম্মো নাস্তি তথা সুখহেতুর্ধর্ম্মোঽপি নাস্তি তৎ কুত আনন্দানুভবঃ ইত্যাশঙ্ক্য যদ্যপি ধর্ম্ম হেতুক আনন্দো নাস্তি তথাপি নিত্যানন্দো বর্ত্ততে সোঽনুভূয়তে ইত্যুত্তরিতে কিং তত্র প্রমাণম্ ইতি পৃষ্টে অনুভবং প্রমাণয়তি যথেতি। নমু তথাপি ক্রীড়নকাদিনিমিত্ত আনন্দো ভবিষ্যতীত্যত আহ নিষ্কাম ইতি। তদুক্তম্ দ্বাবেব চিন্তয়ামুক্তৌ পরমানন্দ-সম্প্লুতৌ। যো বিমুগ্ধো জড়ো বালো যো গুণেভ্যঃ পরঙ্গতঃ ইতি। স্বপ্নে সুষুপ্তে ॥ ৯ ॥

ভব থাকে না, অর্থাৎ দুঃখের কারণ অধর্ম্মও থাকে না, সেইরূপ ইষ্টাপূর্ত্ত, অর্থাৎ যাগাদির কর্ত্তা সেই শুভাশুভ কর্ম্ম ফলে লিপ্ত হয় না ॥ ৮ ॥

যেমন সুষুপ্তিকালে দুঃখের কারণ অধর্ম্ম থাকে না, সেইরূপ সুখের হেতুভূত ধর্ম্মও থাকে না; সুতরাং সুষুপ্তিসময়ে কিরূপে দুঃখ না হইয়া কেবল সুখ হইতে পারে? এই আশঙ্কার নিরাসার্থ বলিতেছেন,—যদিও ধর্ম্মের হেতু আনন্দ না থাকুক, তথাপি নিত্যানন্দ বর্ত্তমান আছে, তাহাই অনুভূত হইতে পারে, ইহাতেই বা প্রমাণ কি? এই প্রশ্নে বলিতেছেন, অনুভবই প্রমাণ। যেমন নিষ্কামী বালক ক্রীড়া করিতে করিতে আনন্দ অনুভব করে, সেইরূপ জীব সুষুপ্তি কালে আনন্দ অনুভব করিয়া থাকে। বালকের কোন কামনা নাই; সুতরাং ক্রীড়নককে (খেলনা) তাহার আনন্দের কারণ বলাযাইতে পারে না। শাস্ত্রান্তর প্রমাণে জানা যায় যে, বিমুগ্ধ জড়প্রায় বালক এবং যিনি ত্রিগুণাতীত, এই উভয়ই চিন্তাবিহীন, অথচ পরমানন্দ সম্পন্ন ॥ ৯ ॥

বেদ এব পরং জ্যোতির্জ্যোতিষ্কামো জ্যোতিরা-
নন্দয়তে ॥ ১০ ॥

নন্বানন্দঃ সুখং তৎ সুষুপ্তৌ জ্ঞানাভাবেন কথং ভাসতে অত আহ বেদ এবেতি। বেত্তীতি বেদঃ জ্ঞানাত্যেবেত্যর্থঃ যতঃ পরং জ্যোতিঃ পরং সাধন-নিরপেক্ষম্ আত্মজ্যোতিঃ নহি দ্রষ্টুঃ দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতে-হবিনাশিত্বাদিতি শ্রুতেঃ। নন্বযদ্যপি বেদস্তথাপি নিষ্কামঃ কথমানন্দং পশ্যেদত আহ জ্যোতিষ্কাম ইতি। আত্মনস্ত কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি ইতি শ্রুতেরাত্মনো নিত্যকামত্বাৎ জ্যোতিষ্কামঃ সন্ আত্মরূপং জ্যোতিঃ আনন্দয়তে আনন্দরূপমনুভবতি সুষুপ্তাবন্যকামাভাবে পরিশেষসিদ্ধমাত্মকা-মত্বং বিমলতঃ সকামঃ পুরুষত্বাজ্জাগ্রৎ পুরুষবৎ। ন চ পরমাত্মনি ব্যভিচারঃ পক্ষতুল্যত্বাৎ আপ্তকাম আত্মকাম ইতি শ্রুতেঃ। যথান্ত্যাত্মনঃ সকামত্বম্ ॥ ১০ ॥

ইতিপূর্ব্বে প্রতিপন্ন হইয়াছে যে, সুখই আনন্দ। পরন্তু সুষুপ্তিকালে জ্ঞানাভাব প্রযুক্ত কিরূপে সেই আনন্দানুভব হইতে পারে? এইরূপ প্রশ্নে বলিতেছেন,—আত্মজ্যোতিঃ অন্য কোন কারণের অধীন নহে, তাহা স্বয়ংই সর্ব্বদা প্রকাশিত আছে, ঐ জ্যোতিঃপ্রভাবেই জীব সুষুপ্তিকালে আনন্দ অনুভব করিয়া থাকে। শ্রুতিতে লিখিত আছে যে, কদাচ সর্ব্বদ্রষ্টা আত্মার সর্ব্বজ্ঞত্ব শক্তির বিলোপ হয় না। যদিও আত্মা সর্ব্বজ্ঞ, অর্থাৎ সর্ব্বদাই তিনি সকল জানিতে পারেন, তথাপি তাঁহার নিষ্কামতা প্রযুক্ত কিরূপে তিনি আনন্দ অনুভব করিতে পারেন? এই আশঙ্কায় বলি-তেছেন,—আত্মা নিষ্কাম হইলেও তিনি নিত্যকাম "আত্মার কামনার নিমিত্তই সকল প্রিয় হয়" ইত্যাদি শ্রুতিপ্রমাণেই আত্মার নিত্যকামত্ব প্রতীয়মান হইতেছে, অতএব সর্ব্বদা আনন্দ অনুভব করিতেছেন, ইহা জানা যায়। সুষুপ্তিকালে অন্য কামনা না থাকিলেও পরিশেষপ্রাপ্ত নিত্য আনন্দানুভব প্রতীয়মান হয়। ১০ ॥

ভূয়স্তেনৈব স্বপ্নায় গচ্ছতি জলোকাবৎ। যথা জলোকা অগ্রমগ্রং নয়ত্যাত্মানং নয়তি পরং সন্ধয় যৎপরং নাপরং ত্যজতি স জাগ্রদভিধীয়তে ॥ ১১ ॥

ইদানীং স্বপ্নাবস্থামাহ, ভূয় ইতি। তেনৈব তেন যথা সুষুপ্তিং গতঃ তেনৈব যথাবৃত্যা স্বপ্নায় স্বপ্নং প্রাপ্তুং গচ্ছতি। জলোকাবদিতি। জলোকা-তৃণস্থকীটবিশেষঃ। দৃষ্টান্তং বিবৃণোতি যথেতি। সা যথা অগ্রং পাদাগ্রম্ অগ্রং তৃণং পাদাগ্রদেশং নয়তি প্রাপয়তি পাদাভ্যাং গৃহ্লাতি গৃহীত্বা তত্র আত্মানং দেহং নয়তি স্বয়ং গচ্ছতি তত্রেত্যর্থঃ। কিং কৃত্বা পবং সন্ধয় পরম্ অগ্রে বর্ত্তমানং তৃণাদিকং সন্ধায় অভিপ্রেত্যেত্যর্থঃ ছান্দসং ধাতো-র্হ্রস্বত্বম্। অয়মর্থঃ সা যথা উত্তরং গৃহীত্বৈব পূর্ব্বং ত্যজতি, এবময়ং স্বপ্নদেহাদ্যালম্ব্যৈব পূর্ব্বাবস্থাং সুষুপ্ত্যাদিরূপাং ত্যজতি জাগ্রদাদ্যালম্ব্যৈব স্বপ্নাদি ত্যজতি, এবং মরণে দেহান্তরমালম্ব্যৈব পূর্ব্বং দেহং ত্যজতি। তদুক্তম্, যথা তৃণ জলৌকৈবং দেহী কর্ম্মানুগো বশঃ ইতি। তথা, যথা তৃণজলায়ুকা তৃণস্যান্তং গত্বা ইত্যাদি শ্রুতিশ্চ। ইদানীং জাগ্রৎ স্থানমাহ, যৎপরমিতি। যৎ পরম্ উত্তরম্ অপরম্ পূর্ব্বং ন ত্যজতি অবস্থাশ্রিত-

---

এইক্ষণ স্বপ্নাবস্থা বলিতেছেন।—যে প্রকারে আত্মা সুষুপ্তি প্রাপ্ত হয়, সেই প্রকারেই স্বপ্নাবস্থা পাইয়া থাকে। জলোকার (জোঁক) ন্যায় আত্মার অবস্থান্তব প্রাপ্তি হয়। জলোকা পাদাগ্রদ্বারা সম্মুখবর্ত্তী তৃণের অগ্রভাগ গ্রহণ করিয়া আপন দেহ সেই তৃণোপরি লইয়া যায়, অর্থাৎ স্বয়ং সেই তৃণোপরি গমন করে। এইস্থলে জলোকা যেমন সম্মুখবর্ত্তী তৃণ গ্রহণ করিয়া পূর্ব্বাশ্রিত তৃণ পরিত্যাগ করে, সেইরূপ আত্মা স্বপ্নাবস্থা প্রাপ্ত হইয়া সুষুপ্তি অবস্থা পরিত্যাগ করিয়া থাকে। মরণকালেও এইরূপে দেহা-ন্তর অবলম্বন করিয়াই পূর্ব্বদেহ পরিত্যাগ করে। শাস্ত্রান্তর প্রমাণ জানা যায় যে, আত্মা কর্ম্মের বশবর্ত্তী হইয়া তৃণজলোকার ন্যায় পরিভ্রমণ করি-তেছে। শ্রুতিতেও এইরূপ তৃণ জলোকার দৃষ্টান্ত প্রদর্শিত আছে। যে অবস্থাতে পূর্ব্ব কিম্বা অপর ভাব পরিত্যাগ করে না, অর্থাৎ যে অবস্থাতে

যথৈবৈষ কপালাষ্টকং সন্নয়তি তমেব স্তন ইব লম্বতে বেদ-দেবযোনিঃ ॥ ১২ ॥

থানুগতং যত্র পশ্যতি, স জাগ্রদভিধীয়তে। জাগর্তি হি স্বপ্ন সুষুপ্তয়োর-প্যনুসন্ধানং ভবতি। যদ্বা যং যচ্চ পরং ধর্ম্মম্ অপরম্ অধর্ম্মং ন ত্যজতি শুভাশুভাধিকারী ভবতি স জাগ্রৎ। স্বপ্নে তু কৃতং শুভাশুভং ন ফলতি ॥ ১১ ॥

নম্বেকস্যানেকাবস্থাশ্রয়ত্বং কথম্ ইত্যাশঙ্ক্য দৃষ্টান্তমাহ যথৈবৈশ ইতি। এষঃ দেবদত্তাদিঃ যথা অষ্টৌ কপালানি সন্নয়তি সমকালং বহতি তথা একোঽপ্যাত্মা অনেকাবস্থা বহতীত্যর্থঃ। ননু সঙ্কোচ-বিকাশাত্মক-মবস্থাত্রয়ং কথমেকরূপে আত্মনি ইত্যাশঙ্ক্য দৃষ্টান্তেন সাধয়তি তমেবেতি। তমেব আত্মানম্ আবির্ভাব-তিরোভাব-স্বভাবমপ্যবস্থাত্রয়ং লম্বতে শ্রয়তি স্তন ইব সঙ্কোচ-বিকাশাত্মকঃ একরূপাং স্ত্রিয়ম্ স জাগ্রদেব দেব-দেব-যোনিঃ বেদযোনিঃ দেবযোনিশ্চ ॥ ১২ ॥ 66619

অবস্থাত্রিতয়ানুগত ভাব দর্শন করিতে পারে, তাহাকে জাগ্রদবস্থা বলা যায়। জাগ্রৎ কালেই স্বপ্ন ও সুষুপ্তির অনুমান হয়। পক্ষান্তরে যে অবস্থাতে ধর্ম্ম কি অধর্ম্ম ত্যাগ করে না, অর্থাৎ আত্মা ধর্ম্মাধর্ম্মের ফলভূত শুভাশুভের অধিকারী হয়, তাহাই জাগ্রদবস্থা। স্বপ্নকালে স্বকৃত শুভাশুভের ফলভোগ হয় না ॥ ১১ ॥

এক আত্মা কিরূপে অবস্থাত্রয় আশ্রয় করে? এই আশঙ্কায় দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক কহিতেছেন।—যেমন দেবদত্তাদি এককালে অষ্টকপাল বহন করিয়া থাকে, সেইরূপ এক আত্মা অবস্থাত্রয়প্রাপ্ত হইতে পারে। পুনর্ব্বার আশঙ্কা হইতেছে যে, একরূপ আত্মাতে কিরূপে সঙ্কোচ ও বিকাশ স্বভাবাত্মক অবস্থাত্রয় ঘটিতে পারে? এই আশঙ্কা নিরাসার্থ দৃষ্টান্ত-প্রদর্শন করিয়া বলিতেছেন। যেমন সঙ্কোচ বিকাশাত্মক স্তন একরূপা স্ত্রীকে আশ্রয় করে, সেইরূপ আত্মা আবির্ভাব, তিরোভাব ও স্বভাবরূপ অবস্থাত্রয় আশ্রয় করিতে পারে, অতএব জানা যাইতেছে যে, শুভাশুভ সকলই দেবাধীন ॥ ১২ ॥

যত্র জাগ্রতি শুভাশুভং নিরুক্তম্ অস্য দেবস্য সম্প্র-সারোঽন্তর্যামী খগঃ কর্কটকঃ পুষ্করঃ পুরুষঃ প্রাণো হিংসা পরাপরং ব্রহ্মাত্মা দেবতা বেদয়তি ॥ ১৩ ॥

কথং জ্ঞায়তে জাগ্রদেব বেদদেবযোনিঃ ন স্বপ্নাদিবিতি তত্রাহ যত্রেতি যত্র জাগ্রতি পদস্থানে অস্য দেবস্য শুভাশুভং নিরুক্তং নিতরামুক্তং শুভাশুভফলঞ্চ বেদদেবাধীনং তেন তে জাগ্রদুৎপন্না ইতি ভাবঃ। নিতরামুক্তমিত্যুক্তত্বাৎ স্বপ্নেঽপি কিয়ানপি ফলসম্বন্ধো ভবতীতি লক্ষ্যতে অতএব স্বপ্ননিমিত্তরেতস্খলনাদৌ প্রায়শ্চিত্তস্মরণং শাস্ত্রে। স দেবঃ সম্প্রসারঃ সম্যক্ প্রসারোঽস্মাৎ লোকস্যেতি। অন্তর্যামী অন্তস্থিতো নিয়চ্ছতি বাগাদীন্। অয়ং সংযচ্ছতীত্যস্য উপসংহারঃ। খগো দেশান্তরস্থ বস্তুগ্রাহিত্বাৎ কর্কটঃ জলচরপ্রাণিভেদঃ স এব কামিতয়া বক্রগতিমত্বাৎ কর্কটকঃ পুষ্করঃ পুষ্টিকরঃ যদ্বা পুষ্করঃ গগনং তদ্বৎ স্বচ্ছঃ পুরুষঃ পুরি দেহে বসতি প্রাণঃ প্রাণকর্ত্তা তেন প্রাণ ইত্যুচ্যতে হিংসা হিংসকো হিংস্রঃ পরাপরং পরং কারণম্ অপরং কার্য্যং সগুণ-নির্গুণ ভেদেন বা স এব ব্রহ্ম। তর্হি কিং দেহিনো ভিন্নং নেত্যাহ আত্মেতি। আত্মা প্রত্যক্ তেন ব্রহ্মাত্মনোব-

---

